سَلْوٰى	সালওয়া	সালওয়া– এক ধরনের পাখী, যারা নদীর পাড়ে বসবাস করে। মূসার দোয়ায় বনী ইসরাঈলদের এটা খাদ্য হিসাবে দেয়া হয়েছিলো।
سَلِيْمٌ	সালীমুন	নির্দোষ, সুস্থ, পবিত্র
سُلَيْمٰنُ	সোলায়মানু	সোলায়মান (আ.), একজন নবীর নাম
سَمٌّ	সাম্মুন	ফুটো, ছিদ্র
سَمِّ الْخِيَاطِ	সাম্মিল খেয়াতে	সুঁচের ছিদ্র
سَمَاءٌ	সামাউন	আসমান, উচ্চতা, আকাশ
سَمّٰعُوْنَ	সাম্মা-উনা	গুপ্তচর, যিনি অনেক শোনেন (বহুবচন)
سِمَانٌ	সেমা-নুন	মোটা
سَمٰوٰتٌ	সামাওয়া-তুন	আসমান, উচ্চতা (বহু)
سَمْعٌ	সামউন	মানা, কান, শোনা, শ্রবণশক্তি
سَمِعَ	সামে'য়া	সে শুনলো
سَمِعَتْ	সামে'য়াত	সে শুনলো, শুনে নিলো (স্ত্রী অর্থে)
سَمِعْتُمْ	সামে'তুম	তোমরা শুনলে, শুনে নিলে
سَمِعْنَا	সামে'না	আমরা শুনে নিলাম, শুনলাম
سَمِعُوْا	সামেউ	তারা শুনে নিলো, শুনলো
سَمْكٌ	সামকুন	উচ্চতা, ছাদের পুরুত্ব
سَمُّوْا	সাম্মূ	তোমরা নাম রাখো, নাম লও, নাম বলো
سَمُوْمٌ	সামূমুন	গরম হাওয়া, লু হাওয়া, তপ্ত বাতাস
سَمّٰى	সাম্মা	সে নাম রাখলো
سَمِيٌّ	সামিয়্যুন	এক লোকের নাম
سَمَّيْتُ	সাম্মাইতু	আমি নাম রাখলাম
سَمَّيْتُمُوْا	সাম্মাইতুমূ	তোমরা নাম রাখলে
سَمِيْعٌ	সামী'উন	শ্রবণকারী
سَمِيْنٌ	সামীনুন	মোটা, ঘিয়ে ভাজা
سِنٌّ	সেন্নুন	দাঁত
سَنَاءٌ	সানা-উন	আলো, বিদ্যুতের চমক
سُنْبُلٌ	সুনবুলুন	খোসা
سَنَابِلُ	সানাবেলুন	খোসা (বহুবচন)

আরবী	উচ্চারণ	অনুবাদ
سُنْبُلَةٌ	সুনবুলাতুন	একটি খোসা (স্ত্রী অর্থে)
سِنَةٌ	সেনাতুন	ঝিমানো, তন্দ্রা
سَنَةٌ	সানাতুন	বছর, সাল, দুর্ভিক্ষ
سِنِيْنَ	সিনীনা	সাল, বছর, দুর্ভিক্ষের বছর (বহুবচন)
سُنَّةٌ	সুন্নাতুন	তরীকা, রসম, নিয়ম, উদাহরণ
سُنَنٌ	সুনানুন	উদাহরণ, তরীকা, নিয়ম (বহুবচন)
سُنْدُسٌ	সুনদুসুন	পাতলা রেশমী বস্ত্র, পাতলা কাপড়
سَوْءٌ	সাওউন	খারাপ, দোষ, বদ অভ্যাস, লজ্জাকর ব্যাপার
سُوْءٌ	সু-উন	দুঃখ, কষ্ট, খারাপ, অন্যায়, ফাসাদ, বিপদ
سَوّٰى	সাওওয়া	সে সমান সমান করলো, ঠিক বানালো, ঠিক করলো
سُوًى	সুয়ান	শুদ্ধ, পরিষ্কার, সমতল
سَوَاءٌ	সাওয়া-উন	সমান, একই রকম, মাঝখান, মধ্যম সোজা
سُوْأٰى	সুয়া	বেশী খারাপ, বদ
سَوْءَاتٌ	সাওআতুন	দোষ, নগ্নদেহ, লজ্জাস্থান, গোপনীয় অংশ
سَوْءَةٌ	সাও'আতুন	দোষ, লাশ, নগ্নদেহ (বহুবচন)
سُوَاعٌ	সুওয়াউন	দেবতার নাম, হযরত নূহ (আ.)-এর লোকেরা যাকে মহিলা মূর্তি বানিয়ে পূজা করতো
سُؤَالٌ	সুওয়ালুন	সওয়াল করা, জিজ্ঞাসা করা, প্রশ্ন করা, চাওয়া
سُؤْلٌ	সু'লুন	দোয়া, ডাকা, কামনা-বাসনা
سُوْدٌ	সূদুন	কালো
سُوَرٌ	সুওয়ারুন	কোরআনের সূরা (বহুবচন)
سُوْرَةٌ	সূরাতুন	কোরআনের সূরা, যার শুরু এবং শেষ আছে
سُوْرٌ	সূরুন	দেয়াল, প্রাচীর
سَوْطٌ	সাওতুন	কোড়া, দোররা, চাবুক
سَوْفَ	সাওফা	নিকটে, অতি সত্বর, খুব তাড়াতাড়ি
سُوْقٌ	সূকুন	বাজার, কান্ড, মূল শেকড়,
سُقٌ	সুকুন	হাঁটা, কঠোরতা
سَوَّلَ	সাওওয়ালা	সে কথা বানালো, পড়লো, ধোকা দিলো,
سَوَّلَتْ	সাওওয়ালাত	সে ধোকা দিলো, ঠিক করলো, শুধালো
سَوِيٌّ	সাওয়িয়ুন	সোজা, খাড়া, সমান-সমান, পূর্ণ, ঠিক, সুস্থ
سَوَّيْتُ	সাওওয়াইতু	আমি পূর্ণ করলাম
سُهُوْلٌ	সাহলুন	নরম মাটি, নরম জমি, সমতল ভূমি
سِيْءَ	সীআ	যে খারাপ হলো, চিন্তিত বা উদ্বিগ্ন হলো, অসন্তুষ্ট হলো
سَيِّئٌ	সায়্যিউন	অন্যায়, খারাপ, পাপ
سَيِّئَاتٌ	সায়্যেআ-তুন	খারাপ, পাপ কাজ (বহুবচন)
سَيِّئَةٌ	সাইয়্যাতুন	খারাপ, বদ, পাপ
سِيْئَتْ	সীআত	খারাপ চেহারা হলো, উদ্বিগ্ন হলো, চিন্তিত হলো
سَيَّارَةٌ	সাইয়্যারাতুন	কাফেলা, সারি, মোসাফের
سِيْحُوْا	সীহু	তোমরা চলো, ফিরে চলো, ভ্রমণ করো
سَيِّدٌ	সাইয়্যেদুন	সরদার, নেতা, শাসক
سَيْرٌ	সায়রুন	ভ্রমণ করা, চলাফেরা করা

আরবী	উচ্চারণ	অনুবাদ
سِيْرَةٌ	সীরাতুন	স্বভাব চরিত্র, অবস্থা
سُيِّرَتْ	সুইয়েরাত	তাকে চালানো হলো, নিয়ে যাওয়া হলো, ফেরানো হলো (স্ত্রী অর্থে)
سِيْرُوْا	সীরূ	তোমরা ভ্রমণ করো, ঘুরো, চলো
سِيْقَ	সীকা	তাকে চালানো হলো, তাড়ানো হলো
سَيْلٌ	সায়লুন	প্রবাহ, জোয়ার, পুকুর, পানির স্রোত
سِيْمَا	সীমা	নিশান, চেহারা, কপাল
سَيْنَاءُ	সায়না-উ	সিনাই পাহাড়, সিরিয়ার একটি পাহাড়ের নাম, যেখানে মূসা (আ.) আল্লাহর সাথে কথা বলেন
سِيْنِيْنَ	সিনীনা	সিনাই পাহাড়,

ش শীন

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَاءَ	শা-আ	সে চাইলো, পছন্দ করলো, উপযুক্ত করলো
شِئْتَ	শে'তা	তুমি চাইলে, ইচ্ছা করলে
شِئْتُمَا	শে'তুমা	তোমরা দু'জনে চাইলে
شِئْتُمْ	শে'তুম	তোমরা চাইলে
شِئْنَا	শে'না	আমরা চাইলাম
شَاخِصَةٌ	শা'খেসাতুন	যে পেছনে লাগে, লক্ষ্য রাখে
شَارِبُوْنَ	শা'রেবূনা	যারা পান করে
شَارِكْ	শা'রেক	তুমি শরীক করো, অংশীদার করো, অংশীদার হও
شَاطِئٌ	শা'তেউন	পাশে, শেষে, সীমানা
شَاعِرٌ	শা-য়েরুন	কবি, কবিতা রচয়িতা
شَافِعِيْنَ	শা'ফেঈনা	শাফায়াতকারী, সুপারিশকারী

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَاقُّوْا	শাক্কূ	তারা বিরোধিতা করলো
شَاكِرٌ	শা-কেরুন	শোকর আদায়কারী, কৃতজ্ঞ, শোকরগুযার
شَاكِلَةٌ	শা-কেলাতুন	রসম-রেওয়াজ, পদ্ধতি, প্রথা
شَامِخَاتٌ	শা-মেখা-তুন	উঁচু, অহংকারী, গর্বিত
شَأْنٌ	শা'নুন	কাজ, অবস্থা, চিন্তা, ব্যস্ততা
شَانِئٌ	শা-নিয়ুন	শত্রু, দুশমন, বিদ্বেষী
شَاوِرْ	শা-ওয়ের	তুমি পরামর্শ করো, মতামত গ্রহণ করো
شَاهِدٌ	শা'হেদুন	সাক্ষী, উপস্থিত, সাক্ষ্যদাতা, মওজুদ
شَاهِدُوْنَ	শা'হেদূনা	সাক্ষী, যারা বলে দেয়, উপস্থিত (বহুবচন)
شُبِّهَ	শুব্বেহা	তাকে সন্দেহে ফেলা হলো, তার সাথে উদাহরণ দেয়া হলো
شِتَاءٌ	শিতা-উন	শীত, শীতকাল
شَتّٰى	শাত্তা'	বিক্ষিপ্ত, বিভিন্ন প্রকার, প্রত্যেক প্রকার
شَجَرٌ	শাজারুন	গাছ, চারাগাছ
شَجَرَ	শাজারা	ঝগড়া হলো, মতবিরোধ হলো, বিরোধিতা হলো
شَجَرَةٌ	শাজারাতুন	একটি গাছ, চারা
شُحٌّ	শুহহুন	লোভ, কার্পণ্য
شُحُوْمٌ	শুহূমুন	চর্বি (বহুবচন)
شِدَادٌ	শেদাদুন	শক্ত, মযবুত, শক্তিশালী, যালেম (বহুবচন)
شَدَدْنَا	শাদাদনা	আমরা মযবুত করলাম, বানালাম
شُدُّوْا	শুদ্দূ	তোমরা মযবুত করো
شَدِيْدٌ	শাদীদুন	কঠোর, শক্তিমান, ক্ষমতাবান, মযবুত

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَرٌّ	শাররুন	খারাপ, অন্যায়, ফাসাদ, নিকৃষ্ট
شَرَابٌ	শারা-বুন	পান করা, পান করার জিনিস, শরাব
شِرْبٌ	শেরবুন	পানি পান করা, পানির অংশে
شَرِبَ	শারেবা	সে পান করলো
شَرِبُوْا	শারেবু	তারা পান করলো
شَرَحَ	শারাহা	সে খুললো, প্রকাশ বা প্রসারিত করলো, সুরাহা করলো
شَرِّدْ	শাররেদ	তুমি শাস্তি দাও, তাড়িয়ে দাও, উৎপাটন করে দাও
شِرْذِمَةٌ	শেরযেমাতুন	জামায়াত, কয়েকজন মানুষ, মানুষের দল
شَرَرٌ	শারারুন	আগুনের স্ফুলিংগ, অংগার, শিখা
شُرَّعٌ	শুররা'উন	পানির ওপর প্রকাশিত হওয়া, ওপরে সাঁতার কাটা
شَرَعَ	শারায়া	সে পথ বানালো, নির্ধারণ করলো
شِرْعَةٌ	শেরয়াতুন	পথ, নিয়ম, শাসন পদ্ধতি দ্বীন
شَرَعُوْا	শারাউ	তারা পথ বানালো, নির্ধারণ করলো
شَرْقِيٌّ	শারকিয়্যুন	পূর্ব, পূর্ব দেশীয়, পূর্বদিকে
شَرْقِيَّةٌ	শারকিয়্যাতুন	সূর্য উদিত হওয়ার দিকে, পূর্ব দেশীয়
شِرْكٌ	শেরকুন	শরীক করা, প্রতিদ্বন্দ্বী বানানো, আল্লাহর সাথে অন্যাকে অংশীদার মনে করা, শামিল করা
شَرِيْكٌ	শারীকুন	শরীক, প্রতিদ্বন্দ্বী, অংশীদার
شُرَكَاءُ	শুরাকা'উ	শরীক, প্রতিদ্বন্দ্বী, অংশীদার, ভাগের মালিক (বহু)
شَرِيْعَةٌ	শারী'য়াতুন	শরীয়ত, সোজাপথ, খোলা পথ, দ্বীনের পথ

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَرَوْا	শারাও	তারা বিক্রি করলো, প্রতিদান দিলো
شَطْأٌ	শাতউন	পার্শ্ববর্তী, সুঁচ, খোসা
شَطْرٌ	শাতরুন	দিকে, দিকের অংশ
شَطَطٌ	শাতাতুন	অজ্ঞ, মিথ্যা ভ্রষ্টতা, বুদ্ধির অতীত, সত্যের অতীত
شَعَائِرُ	শা'য়া-য়েরুন	চিহ্নসমূহ, মনোনীত বিষয়াবলী, শিষ্টাচারের বিষয়
شُعَبٌ	শুয়াবুন	শাখা-প্রশাখা, দল উপদল, টুকরো
شِعْرٌ	শে'রুন	কবিতা, যুক্তিযুক্ত কথা, সম্পদ, ছন্দোময় কথা
شُعَرَاءُ	শুয়ারাউ	কবি, যারা কাব্য রচনা করেন
شِعْرٰى	শে'রা	একটি বড় তারকার নাম, আরবরা জাহেলিয়াতের যুগে তার পূজা করতো
شُعُوْبٌ	শু'উবুন	দলসমূহ, জাতিসমূহ, শাখা প্রশাখা (বহুবচন)
شُعَيْبٌ	শুয়ায়বু	শোয়াইব (আ.), একজন নবীর নাম, হযরত মূসা (আ.)-এর শ্বশুর
شَغَفَ	শাগাফা	সে প্রেমাচ্ছন্ন করলো, ফুসলালো, হৃদয়ে আসন গেড়ে নিলো
شُغُلٌ	শুগুলুন	কাজ, পেশা
شَغَلَتْ	শাগালাত	সে কাজে লাগলো, ব্যস্ত হলো, ফিরালো
شُفْعَةٌ	শুফায়াতুন	পার্শ্ববর্তী, শেষ অংশ, সর্বশেষ অংশ
شِفَاءٌ	শেফা-উন	আরোগ্য, আরাম, স্বাস্থ্য, সুস্থতা
شَفَاعَةٌ	শাফায়াতুন	শাফায়াত করা, সুপারিশ, করা, ক্ষমা নিয়ে দেয়া
شَفَةٌ	শাফাতুন	ঠোঁট
شَفَتَيْنِ	শাফাতাইনে	দুই ঠোঁট

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَفْعٌ	শাফউন	জোড়া
شَفِيعٌ	শাফী'উন	সুপারিশকারী, ক্ষমা আদায়কারী
شُفَعَاءُ	শুফাআউ	সুপারিশকারী, যারা ক্ষমা করিয়ে দেয় (বহুবচন)
شَفَقٌ	শাফাকুন	সন্ধ্যার সময় পশ্চিম আকাশে যে লালিমা দৃষ্ট হয়, গোধূলির শোভা
شِقٌّ	শেক্কুন	কঠোরতা, পরিশ্রম, টুকরো
شَقٌّ	শাক্কুন	ফেটে যাওয়া, মাঝখান দিয়ে দুটুকরো করা, ফিরানো
شِقَاقٌ	শেকা-কুন	শত্রুতা, জেদ, লড়াই বিরোধিতা, গোঁড়ামি
شُقَّةٌ	শুক্কাতুন	দূর-দূরান্তের সফর, সফরের দূরত্ব
شَقَقْنَا	শাকাক্না	আমরা টুকরো করলাম, বিদীর্ণ করলাম
شَقُوا	শাকু	তাদের ভাগ্যে বিপর্যয় দেয়া হলো, বদনসীব
شِقْوَةٌ	শাক্ওয়াতুন	দুর্ভাগ্য, খারাপ
شَقِيٌّ	শাকিয়্যুন	হতভাগা, খারাপ, দুর্ভাগা ব্যক্তি
شَكٌّ	শাক্কুন	সন্দেহ, ধোকা
شُكْرٌ	শুকরুন	শোকর আদায় করা, কৃতজ্ঞতা জ্ঞাপন করা
شَكَرَ	শাকারা	সে শোকর আদায় করলো, কৃতজ্ঞতা জ্ঞাপন করলো
شَكَرْتُمْ	শাকারতুম	তোমরা শোকর আদায় করলে, কৃতজ্ঞতা জানালে
شَكْلٌ	শাকলুন	মতো, ছবি, পদ্ধতি
شُكُورٌ	শুকুরুন	শোকর আদায় করা, কৃতজ্ঞতা জ্ঞাপন করা, অধিকার স্বীকার করা
شِمَالٌ	শেমা-লুন	বাম হাত, বাম দিক

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَمَائِلُ	শামা-য়েলুন	বাম হাত, বাম দিক (বহুবচন)
شَمْسٌ	শামসুন	সূর্য, রোদ
شَنَآنٌ	শানায়া-নুন	শত্রুতা
شَوَى	শাওয়া'	কলিজা, চামড়া, দেহ, শরীর
شُوَاظٌ	শুয়াযুন	অগ্নিস্ফুলিংগ, ধোঁয়াবিহীন আগুনের উত্তাপ, অগ্নিশিখা
شَوْبٌ	শাওবুন	মিশানো, সংযোজন
شُورَى	শূরা	পরামর্শ, সুবিধা, মতামত প্রকাশ করা
شَوْكَةٌ	শাওকাতুন	শক্তি, কাঁটা, গৃহযুদ্ধ, কঠোরতা
ذَاتُ الشَّوْكَةِ	যাতুশ শাওকাতে	সেনা, শক্তিমান, গৃহযুদ্ধে লিপ্ত
شِهَابٌ	শেহা-বুন	অগ্নিস্ফুলিঙ্গ, উজ্জ্বল তারকা, অগ্নিশিখা
شُهُبٌ	শুহুবুন	অগ্নিস্ফুলিংগ (বহুবচন)
شَهَادَةٌ	শাহাদা-তুন	সাক্ষ্য দেয়া
شَهَادَاتٌ	শাহাদা-তুন	সাক্ষ্য, হাযিরা (বহুবচন)
شَهِدَ	শাহেদা	সে সাক্ষ্য দিলো, উপস্থিত হলো, বললো
شُهَدَاءُ	শুহাদা-উ	সাক্ষ্যদানকারী, বর্ণনাকারী (বহুবচন)
شَهِيدٌ	শাহীদুন	সাক্ষী
شَهِدْتُمْ	শাহেদতুম	তোমরা সাক্ষ্য দিলে, উপস্থিত হলে
شَهِدْنَا	শাহেদনা	আমরা সাক্ষ্য দিলাম, উপস্থিত হলাম, বললাম
شَهِدُوا	শাহেদু	তারা সাক্ষ্য দিলো, উপস্থিত হলো, বললো
شَهْرٌ	শাহরুন	মাস
شَهْرَيْنِ	শাহরাইনে	দু'মাস

আরবী	উচ্চারণ	অনুবাদ
شَهْوَةٌ	শাহওয়াতুন	ইচ্ছা, ডাক, পছন্দ
شَهَوَاتٌ	শাহাওয়াতুন	ইচ্ছা, ডাক, পছন্দ (বহুবচন)
شُهُوْدٌ	শুহুদুন	সাক্ষী, উপস্থিত, বর্ণনাকারী
شُهُوْرٌ	শুহুরুন	মাস (বহুবচন)
شَهِيْدَيْنِ	শাহীদাইনে	দু'জন বর্ণনাকারী, দু'জন সাক্ষী
شَهِيْقٌ	শাহীকুন	গাধার আওয়াজ, চীৎকার দেয়া, আর্তনাদ
شَيْءٌ	শাইউন	জিনিস, বস্তু, কিছু
شَيْطَانٌ	শায়তানুন	বিদ্রোহী, দৈত্য, শয়তান, অজগর
شَيَاطِيْنُ	শায়াতীনুন	বিদ্রোহী, দৈত্য, শয়তান, অজগর (বহুবচন)
شَيْبٌ	শায়বুন	বার্ধক্য, সাদা চুল, সাদা দাড়ি, বৃদ্ধ
شَيْبَةٌ	শায়বাতুন	সাদা চুল, সাদা দাড়ি, বৃদ্ধ, বার্ধক্য (স্ত্রী অর্থে)
شَيْخٌ	শায়খুন	বৃদ্ধ
شِيْعَةٌ	শী'য়াতুন	বন্ধু, অনুসারী, দল, টুকরো
شِيَعٌ	শিয়া'উন	দল, উপদল, সাহায্যকারী, জাতি, টুকরো, অনুসারী (বহু)
شُيُوْخٌ	শুয়ুখুন	বৃদ্ধ, দুর্বল (বহুবচন)

ص সোয়াদ

আরবী	উচ্চারণ	অনুবাদ
ص	ছোয়াদ	সোয়াদ সূরার প্রথমে ব্যবহৃত অক্ষর, যার অর্থ কেবল আল্লাহই জানেন
صَائِمٌ	ছা-য়েমুন	সিয়াম পালনকারী, রোযাদার
صَائِمَةٌ	ছা-য়েমাতুন	সিয়াম পালনকারী, রোযাদার (স্ত্রী অর্থে)
صَابِئُوْنَ	ছা-বেউনা	তারকার পূজারী, যারা নিজেদের ইবরাহীমের অনুসারী ভাবতো, কাফের জাতি, দ্বীন পরিত্যাগকারী

আরবী	উচ্চারণ	অনুবাদ
صَابِرٌ	ছা-বেরুন	ধৈর্যশীল, আশ্রয়দাতা, দৃঢ়
صَابِرَةٌ	ছা-বেরাতুন	ধৈর্যশীলা, সুদৃঢ় (স্ত্রী অর্থে)
صَابِرُوْا	ছা-বেরূ	তোমরা পরস্পর ধৈর্য ধারণ করো, দৃঢ় থাকো
صَابِرُوْنَ	ছা-বেরূনা	ধৈর্যশীল, দৃঢ় (বহুবচন)
صَاحِبٌ	ছা-হেবুন	অধিকারী, বন্ধু, সাথী, মালিক
صَاحِبُ الْحُوْتِ	ছা-হেবুল হূতে	হযরত ইউনুস (আ.), যাকে মাছ গিলে ফেলেছিলো
صَاحِبْ	ছা-হেব	সাথে থাকো, বন্ধুত্ব দাও, বন্ধু হও, সহযোগিতা করো
صَاحِبَةٌ	ছা-হেবাতুন	মহিলা, জীবনসংগিনী, জীবনসাথী
صَاحِبَيِ	ছা-হেবায়	দু'জন সাথী, দু'জন বন্ধু
صَاخَّةٌ	ছা-খখাতুন	কানফাটা আওয়ায, শিঙ্গায় ফুঁ দেয়া
صَادِقٌ	ছা-দেকুন	সত্য, সঠিক, সত্যবাদী
صَادِقَةٌ	ছা-দেকাতুন	সত্যবাদিনী
صَادِقُوْنَ	ছা-দেকূনা	সত্যবাদী পুরুষ (বহুবচন)
صَارِمِيْنَ	ছা-রেমীনা	যারা কেটে দেয়, ভেঙ্গে ফেলে, উৎখাত করে
صَاعِقَةٌ	ছা-য়েকাতুন	বিদ্যুৎ, মৃত্যু যন্ত্রণা, অগ্নিবর্ষণ, কঠোর আওয়াজ
صَاغِرُوْنَ	ছা-গেরূনা	অপদস্থ, অপমানিত, নীচু, ছোট (বহুবচন)
صَافَّاتٌ	ছা-ফফাতুন	কাতার বাঁধা মহিলা, যারা পালক খোলে
صَافِنَاتٌ	ছাফেনাতুন	যে ঘোড়া তিন পায়ে দাঁড়িয়ে চতুর্থ পা উপরে তোলে
صَافُّوْنَ	ছাফফূনা	কাতারবন্দী লোক
صَالٍ	ছা-লুন	যে পৌঁছে, যা জ্বালায়

আরবী	উচ্চারণ	অনুবাদ
صَالِحٌ	ছা-লেহুন	নেক মানুষ, ভালো মানুষ, সালেহ লোক
صَالِحُوْنَ	ছা-লেহূনা	ভালো মানুষ, নেককার, সৎলোক (বহুবচন)
صَالِحَيْنِ	ছালেহাইনে	দু'জন ভালো মানুষ
صَالِحَةٌ	ছালেহাতুন	নেক মহিলা, ভালো মানুষ (স্ত্রী অর্থে)
صَالِحَاتٌ	ছালেহা'তুন	নেক মানুষ, ভালো মানুষ (স্ত্রী অর্থে বহুবচন)
صَالُوْا	ছা-লূ	যারা পৌঁছে, যারা জ্বলায়
صَامِدُوْنَ	ছা-মেদূনা	নিশ্চুপ, নীরব (বহুবচন)
صَامِتٌ	ছা-মেতুন	নীরব
صَبٌّ	ছাব্বুন	ঢালা, বর্ষণ করা, নীচে ফেলা, নিক্ষেপ করা
صَبَّ	ছাব্বা	সে ফেললো, বর্ষণ করলো, নীচে ফেললো
صَبَاحٌ	ছাবা-হুন	উজ্জ্বল হাওয়া, দিন প্রকাশিত হওয়া, দিন সকাল
صَبَّارٌ	ছাব্বারুন	অনেক ধৈর্যশীল, সুদৃঢ়
صَبَبْنَا	ছাবাব্না'	আমরা ফেললাম, বর্ষণ করলাম
صُبْحٌ	ছুবহুন	ফজর, ভোরের আলো, ভোর
صَبَّحَ	ছাব্বাহা	সে ভোর করলো, ভোর এসে পড়লো, হলো
صَبْرٌ	ছাবরুন	ধৈর্য ধরা, পরিশ্রম করা দৃঢ় থাকা, সবর করা
صَبَرَ	ছাবারা	সে পরিশ্রম করলো, সবর করলো, দৃঢ় থাকলো
صَبَرْتُمْ	ছাবারতুম	তোমরা সইলে, সবর করলে, দৃঢ় থাকলে
صَبَرْنَا	ছাবারনা	আমরা সইলাম, ধৈর্য ধরলাম, দৃঢ় থাকলাম
صَبَرُوْا	ছাবারু	তারা পরিশ্রম করলো, সবর করলো, দৃঢ় থাকলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
صِبْغٌ	ছেবগুন	শুরুয়া, তরকারি
صِبْغَةٌ	ছেবগাতুন	রং
صُبُّوْا	ছুব্বু	তোমরা নিক্ষেপ করো, ঢালো
صَبِيٌّ	ছাবিয়্যুন	ছোট ছেলে
صِحَافٌ	ছেহাফুন	বরতন, তশতরী, থালা, প্লেট, ডিশ, চিঠি
صُحُفٌ	ছুহুফুন	বইসমূহ, পুস্তিকা, ছোট ছোট বই, ছহিফা (বহুবচন)
صَخْرٌ	ছাখরুন	বড়ো পাথর, কঠোর প্রান্তর, পাহাড়
صَخْرَةٌ	ছাখরাতুন	বড়ো পাথর, প্রান্তর (স্ত্রী অর্থে)
صُدَّ	ছুদ্দা	তাকে বাধা দেয়া হলো
صَدَّ	ছাদ্দা	সে নিষেধ করলো, প্রতিবন্ধকতা আরোপ করলো, প্রতিবন্ধক হলো
صَدَدْتُمْ	ছাদাদ্তুম	তোমরা নিষেধ করলে, প্রতিবন্ধকতা আরোপ করলে
صَدَدْنَا	ছাদাদনা	আমরা নিষেধ করলাম, বাধা দিলাম
صَدْرٌ	ছাদরুন	স্তন, বুক, দিল, হৃদয়
صَدْعٌ	ছাদ'উন	বিচরণ করা, প্রকাশ করা
ذَاتِ الصَّدْعِ	যাতুচ্ছাদয়ে	বীজ উৎপাদক, বিচরণশীল প্রাণী
صَدَفَ	ছাদাফা	সে দূরে সরে গেলো, সরিয়ে দিলো, অমান্য করলো, ফিরলো
صَدَفَيْنِ	ছাদাফাইনে	দুটি পাহাড়, দুটি ভাগ, দুটি সীমানা
صِدْقٌ	ছেদকুন	সত্য, সত্যবাদিতা
صَدَقَ	ছাদাকা	সে সত্য বললো, স্বীকার করলো, সত্য মানলো
صَدَّقَ	ছাদ্দাকা	সে সত্য জানলো, সত্যায়ন করলো, মানলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
صَدَقَةٌ	ছাদকাতুন	ছাদকা, দান, উদারতা, মোহর
صَدَقَاتٌ	ছাদাকা-তুন	ছাদকা, দান, উদারতা, মোহর (বহুবচন)
صَدَقَتْ	ছাদাকাত	সে সত্য কথা বললো (স্ত্রী অর্থে)
صَدَقْتَ	ছাদাক্তা	তুমি সত্য কথা বললে
صَدَّقْتَ	ছাদ্দাকতা	তুমি সত্য করে দেখালে, সত্য বানালে
صَدَّقَتْ	ছাদ্দাকাত	সে সত্য প্রমাণ করে দেখালো (স্ত্রী অর্থে)
صَدَّقْنَا	ছাদ্দাক্না	আমরা সত্য বানালাম, সত্য করে দেখালাম
صَدَقُوْا	ছাদাকু	তারা সত্য হলো, সত্য বললো, সত্যবাদিতার প্রমাণ দিলো
صَدُّوْا	ছাদ্দু	তারা প্রতিহত করলো, নিষেধ করলো,প্রতিবন্ধক হলো
صُدُّوْا	ছুদ্দু	তাদের বাধা দেয়া হলো, নিষেধ করা হলো, দূরে রাখা হলো
صُدُوْدٌ	ছুদুদুন	বাধা দেয়া, মুখ ফিরানো, নিষেধ করা
صُدُوْرٌ	ছুদূরুন	স্তন, সিনা, বুক, মন, হৃদয় (বহুবচন)
صَدِيْدٌ	ছাদীদুন	পুঁজ, যখম ও অন্যান্য স্থান থেকে বের হওয়া দুর্গন্ধ পানি
صَدِيْقٌ	ছাদীকুন	খাঁটি বন্ধু, সাথী
صِدِّيْقٌ	ছিদ্দীকুন	বড়ো সত্যবাদী, যে সত্য কথা বলে
صِدِّيْقَةٌ	সিদ্দীকাতুন	অতি সত্যবাদী মহিলা
صِدِّيْقُوْنَ	ছিদ্দীকূনা	ঈমানদার, অতি সত্যবাদী
صُرَّ	ছুররু	তুমি নাড়াও, পালন করো
صِرٌّ	ছেররুন	ঠাণ্ডা, শীত

আরবী	উচ্চারণ	অনুবাদ
صِرَاطٌ	ছেরাতুন	রাস্তা, পথ, সড়ক
صَرَّةٌ	ছাররাতুন	ফরিয়াদ, আওয়ায, আর্তনাদ, চিৎকার
صَرَاحٌ	ছারা-হুন	মহল, উঁচুঘর, প্রাসাদ, ভবন
صَرْصَرٌ	ছারছারুন	তুফান, ঠাণ্ডা, বেগবান বাতাস
صَرْعٰى	ছারা-য়া	বেহুশ, নির্জীব
صَرْعَى	ছারয়া	মাটিতে পড়ে থাকা বস্তু, পতিত বস্তু
صَرْفٌ	ছারফুন	ফিরানো, খরচ করা, ঘুরানো
صَرَفَ	ছারাফা	সে ফিরালো, খরচ করলো, সরিয়ে দিলো
صُرِفَتْ	ছুরেফাত	তাকে ফিরানো হলো, ব্যয় হলো
صَرَفْنَا	ছারাফ্না	আমরা ফিরালাম, ধাবিত করলাম, খরচ করলাম
صَرَّفْنَا	ছাররাফ্না'	আমরা ঘুরে ফিরে শুনলাম, বিভিন্নভাবে বর্ণনা করলাম
صَرِيْخٌ	ছারীখুন	যার কাছে ফরিয়াদ পেশ করা হয়, যিনি ডাক শুনেন
صَرِيْمٌ	ছারীমুন	কাটা ফসল, ফসল কর্তিত যমীন
صَعَدٌ	ছায়াদুন	কঠিন, কষ্টকর, কঠোর, পরিশ্রম
صَعِقَ	ছায়েকা	সে বেহুশ হলো, অচেতন হলো, মান হারালো
صَعِقًا	ছা'য়েকান	বেহুশ হয়ে, জ্ঞান হারিয়ে অচেতন হয়ে
صُعُوْدٌ	ছাউদুন	উচ্চে, ওপরে, ঊর্ধ্বে
صَعِيْدٌ	ছায়ীদুন	মাটি, ভূমির উপরিভাগ, প্রান্তর, শুকনো মাটি
صَغَارٌ	ছাগা-রুন	অপমান, নীচতা, অধঃপতন, ছোটোলোকী
صَغَتْ	ছাগাত	সে ঝুঁকে পড়লো, বাঁকা হলো, আকৃষ্ট হলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
صَغِيْرٌ	ছাগীরুন	ছোটো, সাধারণ
صَغِيْرَةٌ	ছাগীরাতুন	ছোটো, সাধারণ (স্ত্রী অর্থে)
صَفٌّ	ছাফফুন	কাতার, লাইন, সারি
صَفًّا	ছাফফান	কাতারে, লাইনে, সারিতে
صَفَا	ছাফা	সাফা, মক্কার একটি পাহাড়ের নাম
صَفْحٌ	ছাফহুন	পাশে দাঁড়ানো, ক্ষমা করা, ছেড়ে দেয়া, অমনোযোগী হওয়া
صُفْرٌ	ছাফরুন	হলুদ রং
صَفْرَاءُ	ছাফরা-উ	হলুদ রং (স্ত্রী অর্থে)
صَفْصَفٌ	ছাফছাফা	বিস্তৃত প্রান্তর, বিরান ময়দান, সমতল ভূমি
صَفْوَانٌ	সাফওয়া-নুন	প্রান্তর, সমান পাথর, সমান প্রান্তর
صَكَّتْ	ছাক্কাত	সে পিটালো, চড় মারলো, থাপ্পড় মারলো (স্ত্রী অর্থে)
صَلِّ	ছাল্লে	দুরূদ পাঠাও, নামায পড়ো, দোয়া করো, দাও, উত্তাপ দাও, ভুনা করো, জ্বালাও
صَلُّوْا	ছাল্লু	তুমি নামায পড়ো, দোয়া করো, অনুগ্রহ পাঠাও
صَلّٰى	ছাল্লা	সে নামায পড়লো
صَلٰوةٌ	ছালা-তুন	সালাত, নামায, দোয়া, দুরূদ, অনুগ্রহ পাঠানো
صُلْبٌ	ছুলবুন	পিঠ, কোমর পুরুষের পিঠের হাড়
صَلَبُوْا	ছালাবূ	তারা ফাঁসি দিলো, ফাঁসিমঞ্চে আনলো, শূলিতে চড়ালো
صَلْحٌ	ছালহুন	সামঞ্জস্য, মিল, মহব্বত, সন্ধি

আরবী	উচ্চারণ	অনুবাদ
صَلَحَ	ছালাহা	সে ভালো হলো, সম্পর্ক করলো, সন্ধি করলো
صَلْدٌ	ছালদুন	শক্ত, সাফ, পরিষ্কার
صَلْصَالٌ	ছালছা-লুন	মাটির পাতিল, যার অভ্যন্তর থেকে আওয়াজ আসে
صَلَوٰتٌ	ছালাওয়া-তুন	নামায, দোয়া, বরকত, রহমত (বহুবচন)
صِلِيٌّ	ছেলয়্যুন	যা পৌঁছে, প্রবেশ করে, ভুনে, জ্বালায়
صُمٌّ	ছুম্মুন	বধির
صَمَدٌ	ছামাদুন	পরমুখাপেক্ষীহীন সত্তা
صَمُّوْا	ছাম্মূ	তারা বধির হলো
صُنْعٌ	ছুনউ'ন	কারিগরি, বানানো কাজ, শিল্প
صَنْعَةٌ	ছানয়াতুন	কারিগরি, বানানো, কাজ, শিল্প (স্ত্রী অর্থে)
صَنَعُوْا	ছানা'উ	তারা বানালো, অর্জন করলো, গঠন করলো
صِنْوَانٌ	ছেনওয়া-নুন	মিলিত শেকড়ের গাছ (এক শেকড় থেকে গজানো দু'টি গাছ)
صَوَابٌ	ছাওয়াবুন	সঠিক, উচিত, উপযোগী
صُوَاعٌ	ছুওয়া-উন	পেয়ালা, বাটখারা
صَوَاعِقُ	ছাওয়া-য়েকু	বিদ্যুত চমক, বজ্র
صَوَافٌّ	ছাওয়াফফুন	সারিবদ্ধভাবে, লাইনে
صَوَامِعُ	ছাওয়ামেউ	পুরোহিতদের উপাসনাগার (বহুবচন)
صَوْمَعَةٌ	ছাওমা'আতুন	গির্জা, এবাদতখানা (একবচন)
صَوْتٌ	ছাওতুন	আওয়ায, কন্ঠ

আরবী	উচ্চারণ	অনুবাদ
صُوْرٌ	সুরুন	শিঙ্গা, ইসরাফীল (আ.) কেয়ামতের দিন সবাইকে জীবিত ও মৃত করার জন্যে যাতে ফুঁ দেবেন
صُوْرَةٌ	ছুরাতুন	ছবি, চেহারা
صُوَرٌ	ছুওয়ারুন	ছবি (বহুবচন)
صَوَّرَ	ছাওওয়ারা	সে ছবি বানালো, সৃষ্টি করলো
صَوَّرْنَا	সাওওয়ারনা	আমরা ছবি তৈরী করলাম
صَوْمٌ	ছাওমুন	রোযা, সিয়াম
صِيَامٌ	ছিয়ামুন	রোযা, সিয়াম (বহুবচন)
صِهْرٌ	ছেহরুন	শ্বশুর বাড়ী, জামাতা
صَيَاصِيْ	ছিয়াছিয়ুন	মহল, কেল্লা, আশ্রয়স্থল
صَيِّبٌ	ছায়্যেবুন	বৃষ্টি, স্রোতের পানি, মুষলধারে বৃষ্টি
صَيْحَةٌ	ছায়হাতুন	বিকট শব্দ
صَيْدٌ	ছায়দুন	শিকার
صَيْفٌ	ছায়ফুন	গ্রীষ্মকাল, গরমকাল

ض দোয়াদ

আরবী	উচ্চারণ	অনুবাদ
ضَائِقٌ	দা-য়েকুন	সংকীর্ণ, হ্রাসকারী
ضَاقَ	দা'কা	সে সংকীর্ণ হলো
ضَاقَتْ	দা'কাত	সে সংকীর্ণ হলো, তা হ্রাস পেলো (স্ত্রী অর্থে)
ضَاحِكٌ	দা-হেকুন	যে হাসে
ضَاحِكَةٌ	দা-হেকাতুন	যে হাসে (স্ত্রী অর্থে)
ضَارٌّ	দা- ররুন	বিনষ্টকারী, ক্ষতিকারক, কষ্টদায়ক

আরবী	উচ্চারণ	অনুবাদ
ضَالٌّ	দা-ল্লুন	গোমরাহ, যে ভ্রষ্ট, ভুলে থাকে
ضَالِّيْنَ	দা-ল্লীনা	গোমরাহ, ভ্রষ্ট, ভুলে থাকা (বহুবচন)
ضَامِرٌ	দা-মেরুন	মোটা উট
ضَأْنٌ	দা-নুন	দুম্বা, পশমওয়ালা ভেড়া
ضَبْحٌ	দাবহুন	যে হাঁপায়
ضُحًى	দুহা	দিনের প্রথম প্রহর
ضَحِكَتْ	দাহেকাত	সে হাসলো (স্ত্রী অর্থে)
ضِدٌّ	দিদ্দুন	বিরোধিতা, হঠকারিতা, জেদ
ضُرٌّ	দুররুন	কষ্ট, ক্ষতি, আযাব
ضَرٌّ	দাররুন	ক্ষতি, লোকসান
ضَرَّاءُ	দাররা-উ	কঠোরতা, পরিশ্রম, সংকীর্ণতা, বিপদ
ضِرَارٌ	দেরারুন	একে অন্যের ক্ষতি সাধন করা
ضَرْبٌ	দারবুন	মারা, উদাহরণ দেয়া, চলা
ضَرَبَ	দারাবা	সে মারলো, উদাহরণ দিলো, চললো
ضُرِبَ	দুরেবা	বর্ণিত হলো, মারা হলো, চালানো হলো
ضُرِبَتْ	দুরেবাত	বর্ণিত হলো, চালানো হলো, মারা হলো (স্ত্রী অর্থে)
ضَرَبْتُمْ	দারাবতুম	তোমরা মারলে, তোমরা চললে
ضَرَبْنَا	দারাবনা	আমরা মারলাম, উদাহরণ দিলাম, চললাম
ضَرَبُوْا	দারাবূ	তারা মারলো, চললো, বর্ণনা করলো
ضُرِبُوْا	দুরেবূ	তারা বর্ণিত হলো, মারা হলো, চালানো হলো
ضَرَرٌ	দারারুন	ক্ষতি

আরবী	উচ্চারণ	অনুবাদ
ضَرِيْعٌ	দারী'উন	বিষাক্ত ঘাস, যা কোন জন্তুই ভক্ষণ করে না
ضِعَافٌ	দে'য়াফুন	অক্ষম, দুর্বল
ضُعْفٌ	দু'ফুন	অক্ষমতা, অলসতা, দুর্বলতা
ضِعْفٌ	দে'ফুন	মতো, দু'টি উদাহরণ, দ্বিগুণ, কয়েকগুণ
ضَعُفُوْا	দাউফূ	তারা দুর্বল হলো, অক্ষম হলো
ضِعْفَيْنِ	দে'ফাইনে	দ্বিগুণ
ضَعِيْفٌ	দাঈফুন	অক্ষম, অলস, দুর্বল
ضِفْفٌ	দেফ্ফুন	ঝাড়ু
ضَعُفَ	দাউফা	সে দুর্বল, অক্ষম হলো (বহুবচন)
ضُعَفَاءُ	দুয়াফা-উ	দুর্বল অক্ষম (বহুবচন)
ضَفَادِعُ	দাফা-দেউন	ব্যাঙ (বহুবচন)
ضَلَّ	দাল্লা	সে পথ ভুললো, গোমরাহ হলো, পথ থেকে সরে গেলো
ضَلَالٌ	দালা-লুন	গোমরাহী, অজ্ঞতা, ভ্রষ্টতা
ضَلَالَةٌ	দালা-লাতুন	পথ ভোলা, গোমরাহী, ভুল
ضَلَلْتُ	দালালতু	আমি পথ ভুললাম, ভ্রষ্ট হলাম, গোমরাহ হলাম
ضَلَلْنَا	দালালনা	আমরা পথ ভুললাম, অধম হলাম
ضَلُّوْا	দাল্লু	তারা গোমরাহ হলো, ভ্রষ্ট হলো, ভুলে গেলো
ضَنْكٌ	দানকুন	সংকীর্ণতা, মুশকিল
ضَنِيْنٌ	দানীনুন	বখিল, রক্ষক
ضِيَاءٌ	দিয়া-উন	আলো, নূর, চমক, ঝলক
ضَيْرٌ	দাইরুন	ক্ষতি, সংকীর্ণতা
ضِيْزٰى	দীযা	অসম্পূর্ণ, অনুচিত
ضَيْفٌ	দায়ফুন	মেহমান
ضَيْقٌ	দায়কুন	সংকীর্ণতা, পাশ, ঘেরাও করা, হ্রাস পাওয়া, বখিলী
ضَيِّقٌ	দায়্যিকুন	সংকীর্ণ, হ্রাসপ্রাপ্ত

ط তোয়া

আরবী	উচ্চারণ	অনুবাদ
طَائِرٌ	তায়েরুন	উড়ন্ত পাখী, দুর্ভাগ্য, অশুভ যাত্রা, কুলক্ষণ
طَائِعِيْنَ	তায়েঈনা	অনুগত, অনুবর্তনকারী
طَائِفٌ	তায়েফুন	যে ঘুরে, চক্কর কাটে, কোতোয়াল
طَائِفَةٌ	তায়েফাতুন	দল, জামায়াত, যে ঘুরে (স্ত্রী অর্থে), উপদল, সেনাবাহিনী
طَائِفَتَانِ	তায়েফাতান	দুটি দল, দুটি জামায়াত
طَائِفَتَيْنِ	তায়েফাতায়নে	দুটি দল, দুটি গ্রুপ
طَائِفِيْنَ	তায়েফীনা	যারা ঘোরাফেরা করে
طَابَ	তা-বা	সে পবিত্র হলো, সন্তুষ্ট হলো, ভালো লাগলো, ভালো মনে হলো, ভালো হলো
طَارِدٌ	তা-রেদুন	যে তাড়িয়ে দেয়, দূর করে দেয়
طَارِقٌ	তা'রেকুন	রাতে আগমনকারী, পথচারী, একটি তারার নাম
طَاعَةٌ	তা-য়াতুন	আনুগত্য, কথা মানা, আদেশ মানা
طَاعِمٌ	তা'য়ে'মুন	যে খায়
طَاغُوْتٌ	তাগূতুন	তাগূত, শয়তান, বিদ্রোহী, দেবতা, আল্লাহ ছাড়া অন্য কেউ, গোমরাহ, কাফেরদের নেতা
طَاغُوْنَ	তা-গূনা	বিদ্রোহী, দুষ্ট, সীমা লংঘনকারী

আরবী	উচ্চারণ	অনুবাদ
طَاغِيَةٌ	তা-গিয়াতুন	সীমালংঘনকারী, যালেম অত্যাচারী, প্রবল (স্ত্রী অর্থে)
طَاغِينَ	তা-গীনা	দুষ্ট, বিদ্রোহী (বহুবচন)
طَافَ	তা-ফা	সে ফিরলো, চক্রাকারে ঘুরলো, তাওয়াফ করলো
طَاقَةٌ	তা-কাতুন	শক্তি, সামর্থ
طَالَ	তা-লা	তা লম্বা হলো, দীর্ঘ হলো, বৃদ্ধি হলো
طَالِبٌ	তা-লেবুন	অনুসন্ধিৎসু প্রার্থী, যার প্রয়োজন আছে
طَالُوْتُ	তা-লূতুন	বনী ইসরাঈলের একজন মুসলিম বাদশাহর নাম
طَامَّةٌ	তা-ম্মাতুন	হাংগামা, কেয়ামত
طِبَاقٌ	তেবা-কুন	স্তরে স্তরে, কয়েক পরতে
طَبَقٌ	তাবাকুন	স্তর, পর্যায়, তবক (একবচন)
طِبْتُمْ	তেবতুম	তোমরা পবিত্র হলে, ভালো হলে
طَبَعَ	তাবা'য়া	সে মোহর লাগালো, বন্ধ করলো
طُبِعَ	তুবে'য়া	মোহর মারা হলো, বন্ধ করা হলো, সিল মারা হলো
طِبْنَ	তেবনা	তারা পবিত্র হলো, ভালো হলো, যত্ন করলো (স্ত্রী অর্থে)
طَحَى	তাহা'	সে বিছালো, নীচু করলো, সমান করলো
طَرَائِقُ	তারা-য়েকু	পথ, দল, পদ্ধতি
طَرَدْتُ	তারাদতু	আমি তাড়ালাম, নিয়ে গেলাম, চালালাম, দূর করলাম
طَرَفٌ	তারাফুন	দলের অংশ, উপদল, সৈন্য দলের একাংশ
طَرْفٌ	তারফুন	দৃষ্টি, চোখ, পাশ, দিক

আরবী	উচ্চারণ	অনুবাদ
طَرَفَيِ	তারফাই	দুটি পাশ, দুটি সীমানা
طَرِيٌّ	তারিয়্যুন	তরতাজা, টাটকা, সজীব
طَرِيقٌ	তারীকুন	পথ, রাস্তা, নীতি, তরীকা
طَرِيقَةٌ	তারীকাতুন	উজ্জ্বল পথ, রাস্তা, নিয়ম, তরীকা (স্ত্রী অর্থে)
طس	তোয়া-সীন	সূরার প্রথমে ব্যবহৃত অক্ষর, এর অর্থ আল্লাহই ভাল জানেন
طسم	তোয়া-সীন-মীম	সূরার প্রথমে ব্যবহৃত অক্ষর, এর অর্থ আল্লাহই ভাল জানেন
طَعَامٌ	তা'য়ামুন	খাবার, গম, খাবার জিনিস
طُعْمٌ	তু'মুন	মজা, স্বাদ, খাবার জাতীয়
طَعِمْتُمْ	তা'য়েমতুম	তোমরা খেলে
طَعِمُوْا	তা'য়েমূ	তারা খেলো
طَعْنٌ	তা'নুন	দোষ দেয়া, তীর মারা
طَعَنُوْا	তায়েনূ	তারা দোষ দিলো, তীর মারলো, দোষ তালাশ করলো, তিরস্কার করলো, খারাপ বললো
طَغَى	তাগা	সে সীমা অতিক্রম করলো, বাড়াবাড়ি করলো, নাফরমান হলো, নাফরমানী করলো
طَغَوْا	তাগাও	তারা সীমা অতিক্রম করলো, বাড়াবাড়ি করলো, নাফরমান হলো, নাফরমানী করলো
طَغْوَى	তাগওয়া	দুষ্টামি, নাফরমানী, বাড়াবাড়ি, বিদ্রোহ
طُغْيَانٌ	তুগইয়ানুন	দুষ্টামি, নাফরমানী, বাড়াবাড়ি, বিদ্রোহ
طَفِقَ	তাফেকা	সে শুরু করলো, করতে লাগলো
طَفِقَا	তাফেকা	তারা দু'জন শুরু করলো, শুরু করতে লাগলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
طِفْلٌ	তেফলুন	বালক, বাচ্চা
طَلٌّ	তাল্লুন	শিশির, বরফবিন্দু
طَلَاقٌ	তালা-কুন	তালাক, স্ত্রীকে তালাক দেয়া, বিয়ের বাঁধন ছিন্ন করা
طَلَبٌ	তালাবুন	ডাকা, তালাশ বা অনুসন্ধান করা, চাওয়া, অর্জন করা
طَلْحٌ	তালহুন	কলা, কলাগাছ
طَلْعٌ	তাল'উন	খোরমা, খেজুর গাছ, গাছের প্রথম ফুল, খোসা
طَلَعَتْ	তালা'য়াত	সে উজ্জ্বল হলো, বের হলো, উদিত হলো, প্রকাশিত হলো, আরোহণ করলো (স্ত্রী অর্থে)
طَلَّقَ	তাল্লাকা	সে তালাক দিলো, ছেড়ে দিলো
طَلَّقْتُمْ	তাল্লাকতুম	তোমরা ছেড়ে দিলে, তালাক দিলে
طَلَّقْتُمُوا	তাল্লাকতুমু	তোমরা ছেড়ে দিলে, তালাক দিলে
طَلِّقُوا	তাল্লেকু	তোমরা ছেড়ে দাও, তালাক দাও
طُلُوْعٌ	তুলূউন	সূর্য ও চাঁদের উদয়, প্রকাশ হওয়া, আরোহণ করা
طُمِسَتْ	তুমেসাত	আলোবিহীন হলো, খারাপ হলো, মিটে গেলো
طَمَسْنَا	তামাসনা	আমরা মিটিয়ে দিলাম, বিনষ্ট করলাম
طَمَعٌ	তামা'উন	ভরসা, আশা, ইচ্ছা, লোভ
طُوًى	তুওয়ান	পবিত্র, সিরিয়ার একটি গ্রামের নাম, যেখানে মূসা (আ.) নবুয়ত পেয়েছিলেন, এ স্থানকে ওয়াদিয়ে মোকাদ্দাস এবং আয়মানও বলা হয়
طَوَّافُوْنَ	তাওয়াফূনা	যারা তওয়াফ করে, যারা ঘোরে

আরবী	উচ্চারণ	অনুবাদ
طُوْبٰى	তুবা	সৌন্দর্য, শান্তি, সচ্ছলতা
طَوْدٌ	তাওদুন	পাহাড়
طُوْرِ سِيْنِيْنَ	তূরে সিনীনা	তূর পাহাড়, যেখানে মূসা (আ.) আল্লাহর নূর দেখেছিলেন
طَوْعٌ	তাও'উন	আনুগত্য, খুশীর সাথে কথা মানা
طَوَّعَتْ	তাওয়্যাআত	সে অনুগত বানালো, কথা শোনালো, পোষ মানালো
طُوْفَانٌ	তূ-ফা-নুন	তুফান, পানির প্রবাহ, ঝড়, যে জোয়ার সব কিছু ডুবায়
طُوْلٌ	তূলুন	লম্বা হওয়া, দৈর্ঘ, শারীরিক গঠন
طَوْلٌ	তাওলুন	কৃতজ্ঞতা প্রকাশ, ভাগ্য, আকর্ষণ
طَوِيْلٌ	তাওয়ীলুন	লম্বা, অনেক দীর্ঘ
طٰهٰ	ত্বা-হা	সূরার প্রথম দিকে ব্যবহৃত অক্ষর, এর অর্থ আল্লাহ তায়ালাই ভালো জানেন
طَهَّرَ	তাহহারা	সে পবিত্র করলো
طَهِّرْ	তাহহের	তুমি পবিত্র করো
طَهِّرَا	তাহহেরা	তোমরা দু'জন পবিত্র করো
طَهُوْرٌ	তুহূরুন	যে পবিত্র করে
طَيٌّ	তাইয়্যুন	জড়ানো, একত্র করা, বান্ডিল বানানো, ভাঁজ দেয়া
طَيِّبٌ	তায়্যেবুন	পবিত্র, হালাল, নিসন্দেহ, পাক
طَيِّبَةٌ	তায়্যেবাতুন	পবিত্র, পাক, হালাল, উত্তম (স্ত্রী অর্থে)
طَيِّبَاتٌ	তায়্যেবা'তুন	পবিত্র, পাক জিনিস, পবিত্র মহিলা (বহুবচন)

আরবী	উচ্চারণ	অনুবাদ
طَيِّبُوْنَ	তায়্যেবুনা	পবিত্র ব্যক্তি, নিষ্কলুষ লোক
طَيْرٌ	তায়রুন	চড়ুই, পাখী
طِيْنٌ	তীনুন	মাটি, গলিত মাটি

ظ যোয়া

আরবী	উচ্চারণ	অনুবাদ
ظَالِمٌ	যা-লেমুন	নির্দয়, যালেম, অত্যাচারী, যে বাড়াবাড়ি করে, অবিচারক
ظَالِمَةٌ	যা-লেমাতুন	যালেম, অত্যাচারী, যে বাড়াবাড়ি করে, অবিচারক (স্ত্রী অর্থে)
ظَالِمُوْنَ	যালেমূনা	যালেম, অত্যাচারী, যারা বাড়াবাড়ি করে, অবিচারক (বহুবচন)
ظَانِّيْنَ	যা-ন্নীনা	যারা ধারণা করে, অনুমান করে, ধারণার বশবর্তী হয়
ظَاهِرٌ	যা-হেরুন	উন্মুক্ত, উপরিভাগ, বাইরের বিষয়, বিজয়ী, আল্লাহর নাম
ظَاهِرَةٌ	যা-হেরাতুন	খোলা, বের হওয়া, উন্মুক্ত (স্ত্রী অর্থে)
ظَاهَرُوْا	যা-হারু	তারা সাহায্য করলো, পৃষ্ঠপোষকতা করলো
ظَاهِرِيْنَ	যা-হেরীনা	জবরদস্ত, জয়ী
ظَعْنٌ	যা'নুন	সফরে বের হওয়া, রওয়ানা দেয়া, সফরে থাকা
ظُفُرٌ	যুফুরুন	নখ
ظِلٌّ	যেল্লুন	ছায়া
ظَلَّ	যাল্লা	সে সারাদিন রইলো, সারাদিন কাটালো, সে হয়ে গেলো
ظِلَالٌ	যেলা'লুন	ছায়া (বহুবচন)

আরবী	উচ্চারণ	অনুবাদ
ظَلَّامٌ	যাল্লা'মুন	যালেম, নির্দয়, অত্যাচারী, যে বেশী বাড়াবাড়ি করে
ظُلَّةٌ	যুল্লাতুন	ছাতা, ছায়াদাতা
ظُلَلٌ	যুলালুন	ছাতাসমূহ
ظَلَّتْ	যাল্লাত	সে হলো, হয়ে গেলো, সারাদিন থাকলো, সারাদিন অতিক্রম করলো
ظَلْتَ	যালতা	তুমি হলে, হয়ে গেলে, সারাদিন কাটালে
ظَلْتُمْ	যালতুম	তোমরা হলে, সারাদিন থাকলে, হয়ে গেলে
ظَلَّلْنَا	যাল্লালনা	আমরা ছায়া দিলাম
ظُلْمٌ	যুলমুন	না-ইনসাফী, অবিচার, অত্যাচার, বাড়াবাড়ি
ظَلَمَ	যালামা	সে যুলুম করলো, না-ইনসাফী করলো, বাড়াবাড়ি করলো, অত্যাচার করলো
ظُلِمَ	যুলেমা	অত্যাচার করা হলো, বাড়াবাড়ি করা হলো, না-ইনসাফী করা হলো
ظُلُمَاتٌ	যুলুমাতুন	অন্ধকার (বহুবচন)
ظَلَمَتْ	যালামাত	সে যুলুম করলো, বাড়াবাড়ি করলো, না-ইনসাফী করলো (স্ত্রী অর্থে)
ظَلَمْتُ	যালামতু	আমি যুলুম করলাম, বাড়াবাড়ি করলাম
ظَلَمْتُمْ	যালামতুম	তোমরা যুলুম বা বাড়াবাড়ি করলে, অত্যাচার করলে
ظَلَمْنَا	যালামনা	আমরা যুলুম বা বাড়াবাড়ি করলাম, অত্যাচার করলাম
ظَلَمُوْا	যালামূ	তারা যুলুম করলো, বাড়াবাড়ি করলো, অত্যাচার করলো
ظُلِمُوْا	যুলেমূ	তাদের ওপর অত্যাচার করা হলো বাড়াবাড়ি করা হলো, যুলুম করা হলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
ظَلُّوْا	যাল্লু	তারা সারাদিন থাকলো, তারা হয়ে গেলো, তারা হলো
ظَلُوْمٌ	যালূমুন	বড়ো অত্যাচারী, বড়ো যালেম, যে বাড়াবাড়ি করে
ظَلِيْلٌ	যালীলুন	ছায়াদানকারী, শীতল ছায়া
ظَمَأٌ	যামাউন	পিপাসার্ত হওয়া, পিপাসা লাগা, তৃষ্ণার্ত হওয়া
ظَمْآنٌ	যাময়ানুন	পিপাসার্ত, তৃষ্ণার্ত, যার পানির চাহিদা রয়েছে
ظَنٌّ	যান্নুন	ধারণা করা, মনে করা, আন্দায অনুমান করা
ظَنَّ	যান্না	সে ধারণা করলো, অনুমান করলো, মনে করলো
ظَنَّا	যান্না	তারা দু'জন ধারণা করলো, মনে করলো
ظَنَنَّا	যানান্না	আমরা ধারণা করলাম, মনে করলাম
ظَنَنْتُ	যানানতু	আমি ধারণা করলাম, মনে করলাম
ظَنَنْتُمْ	যানানতুম	তোমরা ধারণা করলে, মনে করলে, অনুমান করলে
ظَنُّوْا	যান্নু	তারা ধারণা করলো, মনে করলো
ظُنُوْنٌ	যুনূনুন	ধারণা, আন্দায অনুমান (বহুবচন)
ظَهَرَ	যাহারা	তা বের হলো, প্রকাশিত হলো, বাইরে এলো
ظَهْرٌ	যাহরুন	পিঠ, কোমর
ظُهُوْرٌ	যুহূরুন	পিঠসমূহ, কোমরগুলো, প্রকাশিত হওয়া, জয়লাভ করা, সাহায্য করা
ظِهْرِيٌّ	যাহরিয়্যুন	পিঠের পেছনে নিক্ষেপ করা হলো
ظَهِيْرٌ	যাহীরুন	পৃষ্ঠপোষক, সাহায্যকারী
ظَهِيْرَةٌ	যাহীরাতুন	দ্বিপ্রহর, যোহর নামাযের সময়

ع আঈন

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَائِدُوْنَ	আ-এদূনা	প্রত্যাবর্তনকারী, যারা ঘোরে, যারা দ্বিতীয় বার করে
عَائِلٌ	আ-এলুন	পরমুখাপেক্ষী, ফকীর, গরীব, যাদের স্বজন আছে
عَابِدٌ	আ-বেদুন	আবেদ, উপাসক, যে বন্দেগী করে, এবাদত করে
عَابِدَاتٌ	আ-বেদাতুন	যারা উপাসনা করে, যারা এবাদত করে (বহুবচন, স্ত্রী অর্থে)
عَابِدُوْنَ	আ-বেদূনা	গোলাম, যারা এবাদত করে, বন্দেগী করে (বহুবচন, পুরুষ অর্থে)
عَابِرِىْ	'আ-বেরী	যারা চলে, অতিক্রম করে, পার হয়
عَابِرٌ	'আ-বেরুন	চলমান মোসাফের, অতিক্রমকারী, কঠোর, বিদ্রোহী
عَاتِيَةٌ	'আতিয়াতুন	দ্রুত, সীমা অতিক্রমকারিণী, কঠোর, বিদ্রোহী
عَاجِلَةٌ	আ-জেলাতুন	তাড়াতাড়ি, পৃথিবী, পারিশ্রমিক, দ্রুত আগমনকারী
عَادٍ	আ-দিন	সীমা অতিক্রমকারী
عَادٌ	আ-দুন	আদ, হযরত হুদ (আ.)-এর জাতির নাম
عَادَ	আ-দা	সে ফিরে এলো, পুনরায় করলো, ফিরে গেলো
عَادُوْا	আদূ	তারা ফিরে গেলো
عَادُوْنَ	আ-দূনা	সীমা অতিক্রমকারী, বিদ্রোহী (বহুবচন)
عَادِيَاتٌ	আ-দিয়া-তুন	দ্রুতগামী উট ও ঘোড়া (স্ত্রী অর্থে)
عَادَيْتُمْ	আদাইতুম	তোমরা শত্রুতা করলে, বাধা দিলে
عَادِّيْنَ	আদ্দীনা	গণনাকারী, হিসাবরক্ষক
عَارِضٌ	আ-রেদুন	বিক্ষিপ্ত মেঘ, মেঘমালা

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَاشِرُوْا	'আ-শেরূ'	তোমরা জীবন যাপন করো, অতিবাহিত করো, থাকো
عَاصِفٌ	'আ-সেফুন	দমকা ও ঝড়ো হাওয়া, তুফান
عَاصِفَةٌ	'আ-সেফাতুন	জোর বাতাস, জোর তুফান, ঝড়
عَاصِفَاتٌ	'আ-সেফা'তুন	দমকা ও ঝড়ো হাওয়া, তুফান (বহুবচন)
عَاصِمٌ	'আ-সেমুন	মুক্তিদাতা, রক্ষাকর্তা
عَافِيْنَ	'আ-ফীনা	ক্ষমাকারী, যারা মাফ করে দেয়
عَاقَبَ	'আ-কাবা	সে আযাব দিলো, প্রতিশোধ নিলো, ফিরে এলো, পুনরায় করলো
عَاقِبَةٌ	'আ-কেবাতুন	যে পেছনে আসে, আখেরাত, পরিণাম, প্রত্যাবর্তনকারিণী (স্ত্রী অর্থে)
عَاقَبْتُمْ	'আ-কাবতুম	তোমরা আযাব দিলে, প্রতিশোধ নিলে, ফিরে এলে
عَاقِبُوْا	'আ-কেবূ	তোমরা আযাব দাও, প্রতিশোধ লও, ফিরে আসো, পুনরায় করো
عَاقِرٌ	'আ-কেরুন	বন্ধ্যা, এমন বৃদ্ধা যার সন্তানাদির আশা নেই
عَاكِفٌ	'আ-কেফুন	যে এতেকাফ করে, থাকে
عَالٍ	'আ-লিন	উঁচু, বিদ্রোহী, শক্তিমান
عَالِمٌ	'আ-লেমুন	আলেম, বিজ্ঞ, হুঁশিয়ার, শিক্ষিত
عَالِمُوْنَ	'আ-লেমূনা	আলেম, জ্ঞানী, শিক্ষিত (বহুবচন)
عَالَمِيْنَ	'আলামীনা	সারা জাহান, সৃষ্টিকুল, আলম
عَالِمِيْنَ	'আ-লেমীনা	শিক্ষিত, জ্ঞানী (বহুবচন)
عَالِيٌ	'আলিয়ুন	উঁচু, বিদ্রোহী, উঁচু ব্যক্তি, ওপর
عَالِيَةٌ	'আলিয়াতুন	অনেক উঁচু, ওপর

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَالِيَهُمْ	'আ-লিয়াহুম	তাদের উপরিভাগের পোশাক
عَالِيْنَ	'আ-লীনা	অনেক মর্যাদাবান, বিদ্রোহী, উঁচু, বছর, সাল
عَامٌ	'আ-মুন	বছর, বারো মাসের সময়কাল
عَامِلٌ	'আ-মেলুন	কর্মী, শ্রমিক, পরিশ্রমী, আমলকারী
عَامِلَةٌ	'আ-মেলাতুন	কর্মী, শ্রমিক, পরিশ্রমী (স্ত্রী অর্থে)
عَامِلُوْنَ	'আ-মেলূনা	কর্মী, শ্রমিক, পরিশ্রমী (বহুবচন)
عَامَيْنِ	'আ-মাইনে	দু'বছর
عَاهَدَ	'আ-হাদা	সে স্বীকার করলো, ওয়াদা করলো, প্রতিশ্রুতি দিলো, চুক্তি করলো
عَاهَدَا	'আ-হাদা'	তারা দু'জন স্বীকার করলো, ওয়াদা করলো, প্রতিশ্রুতি দিলো
عَاهَدْتَ	'আ-হাদতা	তুমি স্বীকার করলে, ওয়াদা করলে, প্রতিশ্রুতি দিলে
عَاهَدْتُمْ	'আ-হাদতুম	তোমরা স্বীকার করলে, ওয়াদা করলে, প্রতিশ্রুতি দিলে
عَاهَدُوْا	'আ-হাদূ	তারা স্বীকার করলো, ওয়াদা করলো, প্রতিশ্রুতি দিলো
عِبَادٌ	'এবা-দুন	বান্দা, গোলাম, এবাদতকারী (বহুবচন)
عِبَادَةٌ	'এবা-দাতুন	এবাদত করা, বন্দেগী করা
عَبَثٌ	'আবাছুন	নিরর্থক, এমনি, বেকার, অযথা
عَبْدٌ	'আবদুন	বান্দা, গোলাম
عَبَدَ	'আবাদা	সে এবাদত করলো
عَبَدْتَ	'আবাদ্‌তা	তুমি বন্দেগী করলে, এবাদত করলে

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَبَدْتُمْ	'আবাদ্তুম	তোমরা এবাদত করলে
عَبَدْنَا	'আবাদ্না	আমরা এবাদত করলাম
عَبْدَيْنِ	'আবদাইনে	দু'জন বান্দা, দু'জন দাস, দু'জন গোলাম
عِبْرَةٌ	'এবরাতুন	সাবধান হওয়া, উপদেশ নেয়া, শিক্ষা গ্রহণ করা
عَبَسَ	'আবাসা	মুখ ফেরালো, মুখ বাঁকা করলো
عَبْقَرِيٌّ	'আবকারিয়্যুন	মূল্যবান বিছানাপত্র
عَبُوسٌ	'আবুসুন	উদাস হওয়া, মুখ বিকৃত করা
عَبِيدٌ	'আবীদুন	গোলাম, বান্দা (বহুবচন)
عَتَتْ	'আতাত	সে দুষ্টামি করলো, বিদ্রোহ করলো (স্ত্রী অর্থে)
عُتُلٌّ	উতুল্লুন	দুশ্চরিত্র, বদমেযাজী, বদ অভ্যাস বিশিষ্ট ব্যক্তি
عُتُوٌّ	উতুওউন	দুষ্টামি, বিদ্রোহ
عَتَوْا	'আতাও	তারা বিদ্রোহ করলো, নাফরমানী করলো
عِتِيٌّ	'আতিয়্যুন	বিদ্রোহী নাফরমান
عَتِيدٌ	'আতীদুন	তৈরী, মযবুত, উপস্থিত
عَتِيقٌ	'আতীকুন	পুরনো, স্বাধীন, বুযুর্গ, মহান, বড়ো, অতিকায়
بَيْتٌ	বায়তুল	পুরনো ঘর, কাবা শরীফ
الْعَتِيقِ	'আতীক	
عُثِرَ	উছেরা	তাকে খবর দেয়া হলো, জানা গেলো
عُجَابٌ	উজাবুন	বিস্ময়কর, আশ্চর্যজনক
عِجَافٌ	'এজা-ফুন	দুর্বল, হাল্কা-পাতলা
عَجَبٌ	'আজাবুন	সন্তুষ্ট, বিস্ময়, উদ্বেগ
عَجِبْتَ	'আজেবতা	তুমি আশ্চর্য হলে, উদ্বিগ্ন হলে
عَجِبْتُمْ	'আজেবতুম	তুমি আশ্চর্য হলে, উদ্বিগ্ন হলে
عَجِبُوا	'আজেবু	তারা আশ্চর্য হলো, উদ্বিগ্ন হলো
عَجِزْتُ	'আজেযতু	আমি ক্লান্ত হলাম, অক্ষম হলাম, অবসাদগ্রস্ত হলাম, হেরে গেলাম
عِجْلٌ	'এজলুন	গাভীর বাচ্চা, বাছুর
عَجَلٌ	'আজালুন	ত্রস্ততা, তাড়াহুড়া, ব্যস্ততা
عَجَّلَ	'আজ্জালা	সে তাড়াতাড়ি করলো, তাড়াহুড়া করলো
عَجِّلْ	'আজ্জেল	তুমি তাড়াতাড়ি করো
عَجَّلْتُ	'আজ্জালতু	আমি তাড়াতাড়ি করলাম
عَجِلْتُمْ	'আজেলতুম	তোমরা তাড়াতাড়ি করলে
عَجَّلْنَا	'আজ্জালনা	আমরা তাড়াতাড়ি করলাম
عَجُوزٌ	'আজুযুন	বৃদ্ধা, বৃদ্ধা মহিলা, দুর্বল মহিলা, বয়স্ক মহিলা
عَجُولٌ	'আজুলুন	ত্রস্ত, যে তাড়াহুড়ো করে
عَجِيبٌ	'আজীবুন	দুষ্প্রাপ্য, উদ্বেগজনক, বিস্ময়কর
عَدٌّ	'আদ্দুন	গণনা করা, হিসাব করা
عَدَّ	'আদ্দা	সে গুনলো, হিসাব করলো
عِدْ	'এদ	তুমি ওয়াদা করো, প্রতিজ্ঞা করো, স্বীকার করো
عَدَاوَةٌ	'আদা-ওয়াতুন	শত্রুতা, বিরোধ
عِدَّةٌ	'এদ্দাতুন	গণনা, সংখ্যা, হিসাব (মহিলাদের শোকের কাল)
عُدَّةٌ	উদ্দাতুন	মাল, সম্পদ, প্রস্তুতি
عُدْتُمْ	উদতুম	তোমরা পুনরায় করলে, ফিরে এলে

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَدَّ	'আদ্দাদা	সে গুনে রাখলো, ভালোভাবেই গুনলো, হিসাব করলো
عَدَدٌ	'আদাদুন	গণনা, গুনে রাখা, সংখ্যা, অংক
عَدَسٌ	'আদাসুন	মসুরের ডাল
عَدْلٌ	'আদলুন	সমান করা, ইনসাফ, সাম্য, ন্যায়বিচার
عَدَلَ	'আদালা	সে পরিমাণমতো বানালো, ইনসাফ করলো
عَدْنٌ	'আদনুন	সর্বদা থাকার আবাস, বেহেশতের নাম
عُدْنَا	'উদনা	আমরা পুনরায় করলাম, ফিরে এলাম
عَدْوٌ	'আদওউন	বাড়াবাড়ি, শত্রুতা, দুষ্টামি, যেদ
عُدْوَانٌ	'উদওয়ানুন	যুলুম, বাড়াবাড়ি, না-ইনসাফী, সীমা অতিক্রম করা
عُدْوَةٌ	'উদওয়াতুন	মুখ, পাশ, মাথার অংশ
عَذَابٌ	'আযাবুন	আযাব, সাজা, দুঃখ, ধ্বংস
عَذْبٌ	'আযবুন	মিঠা, মিষ্টি জাতীয়
عَذَّبَ	'আযযাবা	সে শাস্তি দিলো
عَذَّبْنَا	'আযযাবনা	আমরা শাস্তি দিলাম
عُذْتُ	'উযতু	আমি আশ্রয় নিলাম
عُذْرٌ	'উযরুন	বাহানা, অজুহাত, অভিযোগ
عَرَاءٌ	'আরা-উন	ঘাসবিহীন উন্মুক্ত প্রান্তর
عُرُرٌ	'উরুরুন	স্বামীর প্রেমাসক্ত মহিলা
عَرَبِيٌّ	'আরাবিয়্যুন	আরবী, আরব দেশের বাসিন্দা
عُرْجُوْنٌ	'উরজুনুন	ঘাসের নাম, খেজুরের শুকনো ডাল, যা হাঁসুলির মতো বাঁকা দেখা যায়

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَرْشٌ	'আরশুন	ছাদ, তখত, রাজ-সিংহাসন
عُرُوْشٌ	'উরূশুন	ছাদ, সিংহাসন (বহুবচন)
عَرْضٌ	'আরদুন	প্রস্থ, প্রসারিত, সামনে আনা
عَرَضٌ	'আরাদুন	ইযযত, মাল, সোনা-রূপা ছাড়া অন্যান্য সম্পত্তি
عَرَضَ	'আরাদা	সে প্রকাশ করলো, পেশ করলো, হাযির করলো, সামনে রাখলো
عُرْضَةٌ	'উরদাতুন	ঢাল, লক্ষ্যস্থল, অজুহাত
عَرَضْتُمْ	'আরাদতুম	তোমরা প্রকাশ করলে, পেশ করলে
عَرَضْنَا	'আরাদনা	আমরা প্রকাশ করলাম, পেশ করলাম
عُرِضَ	'উরেদ্	প্রকাশ করা হলো, পেশ করা হলো, সামনে আনা হলো
عَرَفَ	'আরাফা	সে জানলো, চিনলো
عَرَّفَ	'আররাফা	সে জানালো, চিনালো
عُرْفٌ	'উরফুন	প্রসিদ্ধ, ভালো, সুসম্পর্ক, কল্যাণ, জানা, প্রচলিত
عَرَفَاتٌ	'আরাফা-তুন	আরাফাত ময়দান
عَرَّفْتَ	'আররাফতা	তুমি জানালে, পরিচয় করালে
عَرَفْتَ	'আরাফতা	তুমি চিনলে, জানলে
عَرَفُوْا	'আরাফূ	তারা চিনলো, জানলো
عَرِمٌ	'আরেমুন	সীমালংঘনকারী, শক্ত, কঠিন, আশ্রয়হীন
عُرْوَةٌ	'উরওয়াতুন	রশি
عَرِيْضٌ	'আরীদুন	লম্বা-চওড়া, প্রসারিত
عِزٌّ	'ইযযুন	মাহাত্ম্য, সম্মান, মর্যাদা, উন্নতি

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَزَّ	'আযযা	সে জয়ী হলো, উন্নত হলো, বাড়লো, শক্তি প্রয়োগ করলো
عِزَّةٌ	'ইযযাতুন	সৌভাগ্য, শক্তি, মর্যাদা, ইযযত
عَزَّرْتُمُوْا	'আযযারতুমূ	তোমরা সহযোগিতা করলে
عَزَّرُوْا	'আযযারূ	তারা সাথী হলো, সাহায্য-সহযোগিতা করলো
عَزَّزْنَا	'আযযাযনা	আমরা শক্তি যোগালাম, মর্যাদা দিলাম
عَزَلْتَ	'আযালতা	তুমি সরে গেলে, আলাদা হলে
عَزَمَ	'আযামা	সে প্রস্তুত হলো, সংকল্প করলো, সাহস করলো
عَزْمٌ	'আযমুন	সাহস, সংকল্প, ইচ্ছা-আকাংখা
عَزَمْتَ	'আযামতা	তুমি থেমে গেলে, ইচ্ছা করলে, সংকল্প করলে, সাহস করলে
عَزَمُوْا	'আযামূ	তারা সঙ্কল্প করলো, ইচ্ছা করলো, সাহস করলো
عُزّٰى	'উযযা	উযযা, জাহেলিয়াত যুগে কাফেররা এই দেবতার পূজা করতো
عُزَيْرٌ	'উযায়রু	নবী, বনী ইসরাঈলের একজন নবীর নাম
عَزِيْزٌ	'আযীযুন	বিজয়ী, শক্তিশালী, মিসরের প্রধানমন্ত্রীর উপাধি
عِزِيْنَ	'ইযীনা	দলে দলে
عَسٰى	'আসা	আশা করা যায়, নিকটে আছে, সম্ভবত
عُسْرٌ	'উসরুন	সংকীর্ণতা, কঠোরতা, বিপদ
عَسِيْرٌ	'আসীরুন	কঠোর, কয়েদী
عُسْرٰى	'উসরা	কঠোরতা, দোযখ
عُسْرَةٌ	'উসরাতুন	কষ্ট

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَسْعَسَ	'আস'আসা	শেষ হলো, অন্ধকার করলো
عسق	'আইন-সীন-ক্বাফ	সূরার প্রথমে ব্যবহৃত অক্ষর, যার অর্থ আল্লাহ তায়ালাই ভালো জানেন
عَسَلٌ	'আসালুন	মধু
عَسَيْتُمْ	'আসাইতুম	তোমরা আশা করলে
يَوْمٌ عَسِيْرٌ	ইয়াওমুন আসীর	কেয়ামতের দিন
عِشَاءٌ	'এশা-উন	এশার নামায, রাতের নামায
عِشَارٌ	'এশা-রুন	দশ মাসের গর্ভবতী উট
عَشْرٌ	'আশরুন	দশ
عَشَرَةٌ	'আশারাতুন	দশ (স্ত্রী অর্থে)
عِشْرُوْنَ	এশরূ-না	বিশ
عَشِيٌّ	'আশিয়্যুন	সন্ধ্যা বেলা
عَشِيَّةٌ	'আশিয়্যাতুন	সন্ধ্যা (মাগরিব থেকে এশা পর্যন্ত)
عَشِيْرٌ	'আশীরুন	সাথী, স্বামী
عَشِيْرَةٌ	'আশীরাতুন	গোত্র, পরিবার, পরিজন, ভ্রাতৃত্ব সম্পর্কের লোক
عَصًا	'আসা	লাঠি, ছড়ি
عَصٰى	'আসা	সে মানলো না, নাফরমানী করলো
عُصْبَةٌ	'উসবাতুন	দল (দশ থেকে চল্লিশ পর্যন্ত)
عَصْرٌ	'আসরুন	আসর, যুগ, তৃতীয় প্রহর, নামাযে আসর
عَصْفٌ	'আসফুন	তীব্র বায়ু
عِصَمٌ	'এসামুন	পবিত্র

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَصَوْا	আসাও	তারা আদেশ অমান্য করলো
عِصِيٌّ	এসিয়্যুন	নাফরমান, গুনাহগার
عَصِيٌّ	আসিয়্যুন	লাঠিসমূহ
عِصْيَانٌ	এসইয়ানুন	গুনাহ, নাফরমানী করা
عَصِيبٌ	আসীবুন	কঠোর
عَصَيْتَ	আসাইতা	তুমি নাফরমানী করলে
عَصَيْتُ	আসাইতু	আমি নাফরমানী করলাম
عَصَيْتُمْ	আসাইতুম	তোমরা নাফরমানী করলে
عَصَيْنَا	আসাইনা	আমরা নাফরমানী করলাম
عَضُدٌ	আদুদুন	বাহু, শক্তি
عَضُّوا	আদ্দু	তারা দাঁত দিয়ে কাটলো
عِضِينَ	এদীনা	অংশ, টুকরো
عَطَاءٌ	আতা'উন	দান, বখশিশ
عِطْفٌ	এতফুন	বাহু, দিক
عُطِّلَتْ	উত্তেলাত	তাকে ছেড়ে দেয়া হলো, ছুটি দেয়া হলো (স্ত্রী অর্থে)
عِظْ	এয	তুমি নসীহত করো
عِظُوا	এযূ	তোমরা নসীহত করো
عَظْمٌ	আযমুন	হাড়
عِظَامٌ	এযা'মুন	হাড়সমূহ, বুযুর্গ (বহুবচন)
عَظِيمٌ	আযীমুন	আল্লাহর নাম, বড়ো, মর্যাদাবান
عَفَا	আফা	সে ক্ষমা করলো
عِفْرِيتٌ	এফরীতুন	বিশালদেহী জিন, আগ্রাসী দৈত্য

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَفْوٌ	আফউন	গুনাহ মাফ করা, প্রয়োজনাতিরিক্ত মাল
عَفُوٌّ	আফুওয়ুন	ক্ষমা, ক্ষমাশীল, করুণাময়
عَفَوْنَا	আফাওনা'	আমরা ক্ষমা করলাম
عُفِيَ	উফেয়া	তাকে ক্ষমা করা হলো
عِقَابٌ	একা-বুন	শাস্তি, আযাব
عُقْبَى	উকবা'	আখেরাত, কেয়ামত
عَقَبَةٌ	আকাবাতুন	পাহাড়ের চূড়া, এমন ঘাঁটি যেখানে কষ্টে উঠতে হয়
عَقِبَيْ	আকেবাই	পেছনের দু'টি অংশ
عُقَدٌ	উকাদুন	গিরা (বহুবচন)
عَقْدٌ	আকদুন	গিরা, রশি, বেচাকেনা, বিয়ে, বাঁধা, চুক্তিপত্র, মযবুত করা
عُقْدَةٌ	উকদাতুন	গিরা, কঠিন কথা, কঠিন কাজ
عَقَدَتْ	আকাদাত	সে প্রতিশ্রুতি দিলো (স্ত্রী অর্থে)
عَقَدْتُمْ	আকাদতুম	তোমরা বাঁধলে
عَقَرَ	আকারা	সে পা কাটলো
عَقَرُوا	আকারূ	তারা পা কাটলো
عَقَلُوا	আকালূ	তারা বুঝলো
عُقُودٌ	উকূদুন	ঘোষণা, স্বীকৃতি
عَقِيمٌ	আকীমুন	বন্ধ্যা, শুকনো, খারাপ, কেয়ামতের দিন
عَلَا	আলা	সে বিদ্রোহ করলো
عَلَى	আলা	ওপরে, উঁচু, শ্রেষ্ঠ
عَلَّامٌ	আল্লামুন	অনেক জ্ঞানী

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَلَامَةٌ	আলা-মা-তুন	চিহ্ন
عَلَانِيَةٌ	আলা-নিয়াতুন	প্রকাশ্য, খোলাখুলি
عَلَقٌ	আলাকুন	রক্তের বাঁধন, জোঁক
عَلَقَةٌ	আলাকাতুন	জমাট রক্ত, রক্তপিন্ড
عِلْمٌ	এলমুন	এলেম, জ্ঞান, জানা
عَلِمَ	আলেমা	সে জানলো
عَلَّمَ	আল্লামা	সে জানালো, শিখালো
عَلَّمْتَ	আল্লামতা	তুমি শেখালে
عَلَّمْتُ	আল্লামতু	আমি শেখালাম
عُلَمَاءُ	উলামাউ	জ্ঞানী, ওলামা (বহুবচন)
عَلِمَتْ	আলেমাত	সে জানলো (স্ত্রী অর্থে)
عَلِمْتَ	আলেমতা	তুমি জানলে
عَلِمْتُمْ	আলেমতুম	তোমরা জানলে, তোমাদের জানা হলো
عَلَّمْتُمْ	আল্লামতুম	তোমরা শেখালে
عُلِّمْتُمْ	উল্লেমতুম	তোমাদের শেখানো হলো
عَلِمْنَا	আলেমনা	আমরা জানলাম
عَلَّمْنَا	আল্লামনা	আমরা শেখালাম
عُلِّمْنَا	উল্লেমনা	আমাদের শেখানো হলো
عَلِمُوْا	আলেমূ	তারা জানলো
عُلُوٌّ	উলুয়্যুন	অহংকার, বিদ্রোহ করা
عَلَوْا	আলাও	তারা বিজয়ী হলো, বিদ্রোহ করলো
عَلِيٌّ	আলিয়্যুন	আল্লাহর নাম, অনেক মর্যাদাবান

আরবী	উচ্চারণ	অনুবাদ
عُلْيَا	'উলইয়া	অনেক ওপরে
عَلِيْمٌ	'আলীমুন	জ্ঞানী, আল্লাহর নাম
عِلِّيِّيْنَ	'ইল্লিয়্যীনা	সৎলোকদের রূহ যেখানে থাকে
عِلِّيُّوْنَ	'ইল্লিয়্যুনা	সৎলোকদের রূহ যেখানে থাকে
عَلَيْهِمْ	'আলায়হিম	তাদের ওপর
عَمَّ	'আম্মা	কোন্ জিনিস থেকে, কি ব্যাপারে
عَمٌّ	'আম্মুন	চাচা
عَمَّاتٌ	'আম্মা-তুন	ফুফী (বহুবচন)
عِمَادٌ	'এমা-দুন	খুঁটি, উঁচু প্রাসাদ (বহুবচন)
عِمَارَةٌ	'এমা-রাতুন	আবাদ করা
عَمَلٌ	'আমাদুন	বেঁচে থাকা, জীবন
عُمُرٌ	'উমরুন	প্রাণ, জীবন
عِمْرَانَ	'এমরানু	এমরান (আ.), হযরত মরিয়মের পিতা, মূসা (আ.) ও হারুন (আ.)-এর পিতার নাম
عُمْرَةٌ	'উমরাতুন	যেয়ারত, ছোট হজ্জ, ওমরা
عَمَرُوْا	'আমারূ	তারা বাস করলো
عَمَلٌ	'আমালুন	কাজ, আমল
عَمِلَ	'আমেলা	সে কাজ করলো, আমল করলো
عَمِلَتْ	'আমেলাত	সে কাজ করলো, আমল করলো (স্ত্রী অর্থে)
عَمِلْتُمْ	'আমেলতুম	তোমরা কাজ করলে, আমল করলে
عَمِلُوْا	'আমেলূ	তারা কাজ করলো, আমল করলো
عَمُوْا	'আমূ	তারা অন্ধ হলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
عُمُوْنَ	'আমূনা	অন্ধ (বহুবচন)
عُمْيٌ	'আময়ুন	অন্ধ
عَمِيَ	'আমেয়া	সে অন্ধ হলো
عُمْيَانٌ	'উমইয়ানুন	অন্ধ
عَمِيَتْ	'আমিয়াত	সে অন্ধ হলো (স্ত্রী অর্থে)
عُمِّيَتْ	'উম্মিয়াত	তাকে গোপন করা হলো (স্ত্রী অর্থে)
عَمِيْقٌ	'আমীকুন	গভীর, দূরবর্তী পথ
عَمِيْنٌ	'আমীনুন	অন্ধ
عَنْ	'আন	থেকে
عِنَبٌ	'এনাবুন	আঙ্গুর
عَنَتٌ	'আনাতুন	কষ্ট, দুঃখ
عَنَتْ	'আনাত	সে বিনয় করলো
عَنِتُّمْ	'আনিতত্তুম	তোমরা কষ্টে পড়লে, দুঃখে পড়লে
عِنْدَ	'এনদা	নিকটে, কাছে
عُنُقٌ	'উনুকুন	ঘাড়
عَنْكَبُوْتٌ	'আনকাবূতুন	মাকড়সা
عَنِيْدٌ	'আনীদুন	শত্রু, হঠকারী, যে মিথ্যা লড়ে
عِوَجٌ	'এওয়াজুন	বাঁকা, দোষ
عَوْرَاتٌ	'আওরাতুন	লজ্জাস্থান, এমন নগ্ন স্থান যা দেখাতে লজ্জা হয়
عُوْقِبَ	'উকেবা	তাকে শাস্তি দেয়া হলো
عُوْقِبْتُمْ	'উকেবতুম	তোমাদের শাস্তি দেয়া হলো
عَهْدٌ	'আহদুন	স্বীকার করা, বলা

আরবী	উচ্চারণ	অনুবাদ
عَهِدَ	'আহেদা	সে স্বীকার করলো
عَهِدْنَا	'আহেদনা	আমরা স্বীকার করলাম
عِهْنٌ	'এহনুন	রঙ্গিন পশম
عِيْدٌ	'ঈদুন	ঈদ, মুসলমানদের খুশীর দিন, আনন্দ
عِيْرٌ	'ঈরুন	কাফেলা
عِيْسٰى	'ঈসা	ঈসা (আ.), একজন নবীর নাম
عِيْشَةٌ	'ঈশাতুন	অতিবাহিত করা, জীবন ধারণ, জীবন যাপন
عَيْلَةٌ	'আয়লাতুন	পরমুখাপেক্ষিতা
عَيْنٌ	'আয়নুন	দীর্ঘ চোখ বিশিষ্ট, কূপ, চোখ, সূর্য
عَيْنَانِ	'আইনা-নে	দু'টি কূপ, দু'টি চোখ
عَيْنَيْنِ	'আইনায়নে	দু'টি চোখ
عُيُوْنٌ	'উয়ুনুন	চোখগুলো, কুয়োগুলো
عَيِيْنَا	'আয়ীনা	আমরা ক্লান্ত হলাম, অক্ষম হলাম
اَفَعَيِيْنَا	আফাআয়ীনা	আমরা কি ক্লান্ত হয়ে পড়লাম,

غ গাইন

আরবী	উচ্চারণ	অনুবাদ
غَائِبٌ	গায়েবুন	গোপন, অদেখা, অনুপস্থিত
غَائِبُوْنَ	গা-য়েবূনা	গোপন (বহুবচন)
غَائِبِيْنَ	গা-য়েবীনা	গোপন থাকা লোক (বহুবচন)
غَائِبَةٌ	গা-য়েবাতুন	গোপন, অনুপস্থিত (স্ত্রী অর্থে)
غَائِطٌ	গা-য়েতুন	উন্মুক্ত জমি, পায়খানা
غَائِظُوْنَ	গা-য়েযূনা	যারা ক্রোধ জন্মায়
غَابِرِيْنَ	গা-বেরীনা	যারা পেছনে থাকে

আরবী	উচ্চারণ	অনুবাদ
غَارٌ	গা-রুন	গুহা, গর্ত
غَارِمِيْنَ	গা-রেমীনা	জরিমানা প্রদানকারী
غَاسِقٌ	গা-সেকুন	রাতের অন্ধকার, চন্দ্র গ্রহণ, হাত খালি হওয়া, ভ্রষ্টতা, উদ্বেগ
غَاشِيَةٌ	গা-শিয়াতুন	যে গোপন করে, কেয়ামত
غَافِرٌ	গা-ফেরুন	যে গুনাহ মাফ করে, যে পোষণ করে
غَافِرِيْنَ	গা-ফেরীনা	যারা গুনাহ ক্ষমা করে
غَافِلٌ	গা-ফেলুন	বেখবর লোক, গাফেল
غَافِلَاتٌ	গা-ফেলাতুন	বেখবর মহিলা, উদাসীন মহিলা
غَالِبٌ	গা-লেবুন	শক্তিশালী
غَاوُوْنَ	গাবূনা	পথভ্রষ্ট
غَبَرَةٌ	গাবারাতুন	ধুলাবালি, মাখামাখি
غُثَاءٌ	গুছাউন	শুকনো ঘাস
غَدٌ	গাদুন	আগামীকাল, কেয়ামত
غَدَاءٌ	গাদাউন	সকালের খাবার
غَدَاةٌ	গাদাতুন	সকাল বেলা
غَدَقٌ	গাদাকুন	গভীর পানির কূপ
غُدُوٌّ	গুদুউন	ভোর করা
غَدَوْا	গাদাও	তারা ভোরে রওয়ানা হলো
غَدَوْتَ	গাদাওতা	তুমি সকাল বেলায় চললে
غَرَّ	গাররা	সে ধোকা দিলো, ভ্রষ্ট করলো
غُرَابٌ	গুরাবুন	কাক

আরবী	উচ্চারণ	অনুবাদ
غَرَابِيْبُ	গারাবীবু	কালো কাক (বহুবচন)
غَرَامٌ	গারামুন	জরিমানা, বিনষ্ট, ধ্বংস, আযাব, লোভ
غَرَبَتْ	গারাবাত	সে ডুবে (স্ত্রী অর্থে)
غَرْبِيٌّ	গারবিয়্যুন	পশ্চিম দিকের লোক
غَرْبِيَّةٌ	গারবিয়্যাতুন	পশ্চিম দিকের (স্ত্রী অর্থে)
غَرَّتْ	গাররাত	সে ধোকা দিলো, ভ্রষ্ট করলো
غُرَفٌ	গুরাফুন	জানালা (বহুবচন)
غُرُفَاتٌ	গুরাফা'তুন	বালাখানা (বহুবচন)
غُرْفَةٌ	গুরফাতুন	এক আঁজলা পানি, কামরা
غَرَقٌ	গারাকুন	পানিতে ডোবা
غَرِقَ	গারাকা	সে ডুবলো
غُرُوْبٌ	গুরুবুন	সূর্য ডোবা, সূর্যের গোপন হওয়া
غُرُوْرٌ	গুরুরুন	ধোকা, ধোকা দেয়া
غُزًّى	গুয্যা	যারা আল্লাহর পথে সাফল্যজনক যুদ্ধ পরিচালনা করে ফিরে আসে
غَزْلٌ	গাযালুন	সুতা
غَسَقٌ	গাসাকুন	প্রবাহিত পুঁজ, রাতের অন্ধকার
غَسَقَ	গাসাকা	সে অন্ধকার করলো
غِسْلِيْنٌ	গিসলীনুন	পুঁজ, রক্ত
غَشَّى	গাশ্যা	সে যথেষ্ট ঢেলে দিলো, গোপন করলো
غِشَاوَةٌ	গেশাওয়াতুন	গোপন করা, পর্দার অন্তরাল করা
غَشِيَ	গাশা	সে গোপন করলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
غَصْبٌ	গাসবুন	ছিনিয়ে নেয়া
غُصَّةٌ	গুসসাতুন	বিরক্তি, রাগ, গলায় ফাঁস
غَضَبٌ	গাদাবুন	গোসসা করা, রাগ করা
غَضِبَ	গাদেবা	সে রাগ করলো
غَضْبَانٌ	গাদবা-নুন	রাগান্বিত
غَضِبُوْا	গাদেবূ	তারা রাগ করলো
غِطَاءٌ	গেতা-উন	পর্দা, অন্ধকার
غَفَّارٌ	গাফফা-রুন	গুনাহসমূহের অধিক ক্ষমাকারী
غَفَرَ	গাফারা	সে ক্ষমা করলো
غُفْرَانٌ	গুফরা-নুন	ক্ষমা
غَفَرْنَا	গাফারনা	আমরা ক্ষমা করলাম
غَفْلَةٌ	গাফলাতুন	বেখবর হওয়া, উদাসীনতা
غَفُوْرٌ	গাফূরুন	ক্ষমাকারী, যে গোপন করে, আল্লাহর নাম
غِلٌّ	গেল্লুন	শত্রুতা, বিদ্বেষ
غَلَّ	গাল্লা	সে খেয়ানত করলো
غِلَاظٌ	গেলাযুন	নির্দয়, ফেরেশতা, মোটা
غُلَامٌ	গোলামুন	ছেলে, বালক
غُلَامَيْنِ	গুলামাইনে	দু'টি ছেলে
غِلْمَانٌ	গেলমা-নুন	ছেলে, বালক (বহুবচন)
غُلْبٌ	গুলবুন	ঘন এবং মিলিত বাগান
غُلُبٌ	গুলুবুন	শক্তি, প্রভাব
غَلَبَتْ	গালাবাত	সে শক্তিশালী হলো (স্ত্রী অর্থে)

আরবী	উচ্চারণ	অনুবাদ
غُلِبَتْ	গুলেবাত	সে পরাজিত হলো (স্ত্রী অর্থে)
غَلَبُوْا	গালাবূ	তারা শক্তিশালী হলো, জোর করলো
غُلِبُوْا	গুলেবূ	তাদের পরাজিত করা হলো
غُلَّتْ	গুল্লাত	তাকে বাঁধা হলো (স্ত্রী অর্থে)
غِلْظَةٌ	গেলযাতুন	কঠোরতা
غُلْفٌ	গুলফুন	গেলাফ, পোশাক, ঢাকনা
غَلَّقَتْ	গাল্লাকাত	সে বাঁধলো, বন্ধ করলো (স্ত্রী অর্থে)
غُلُّوْا	গুল্লূ	তোমরা গলায় ফাঁস লাগাও, বাঁধো
غَلْيٌ	গালয়ুন	পাতিলে টগবগ করা
غَلِيْظٌ	গালীযুন	কঠোর, খাঁটি
غَمٌّ	গাম্মুন	সংকীর্ণতা, দুঃখ
غَمْرَةٌ	গামরাতুন	বেহুশ অবস্থা, কঠোরতা
غَمَرَاتٌ	গামরা-তুন	বেহুশ অবস্থা, মউতের কঠোরতা (বহুবচন)
غُمَّةٌ	গুম্মাতুন	গোপন
غَمَامٌ	গামা-মুন	মেঘমালা
غَنَمٌ	গানামুন	বকরী
غَنِمْتُمْ	গানেমতুম	তোমরা গনীমত পেলে, যুদ্ধলব্ধ সম্পদ পেলে
غَنِيٌّ	গানিয়্যুন	আল্লাহর নাম, আমীর, বেপরোয়া, ধনী
غَوٰى	গাওয়া	সে বিপথে চললো, গোমরাহ হলো
غَوَاشٍ	গাওয়া-শুন	পর্দা, শামিয়ানা
غَوَّاصٌ	গাওওয়াসুন	ডুবুরী, যে পানিতে বার বার ডুব দেয়

আরবী	উচ্চারণ	অনুবাদ
غَوْرٌ	গাওরুন	অধিক পানিতে চলা, গভীরতা
غَوْلٌ	গাওলুন	মাথা, ফেরা
غَوِيٌّ	গাওরীয়ুন	গোমরাহ
غَوَيْنَا	গাওয়াইনা	আমরা গোমরাহ করলাম
غَيٌّ	গায়্যুন	গোমরাহ, পথভ্রষ্ট
غَيَابَةٌ	গায়া-বাতুন	কূপের গভীরতা, মাঠের শেষ অংশ, যেখানে গিয়ে মানুষ অদৃশ্য হয়ে যায়
غَيْبٌ	গায়বুন	গোপন জিনিস, গোপন কথা, গোপনীয় জ্ঞান
غِيبَةٌ	গীবাতুন	গীবত করা, কারো পেছনে তার বদনাম করা
غَيْثٌ	গায়ছুন	বৃষ্টি, বৃষ্টি বর্ষণ করা, বর্ষিত হওয়া
غَيْرٌ	গায়রুন	ব্যতীত, কিন্তু, না
غِيضَ	গীদা	শুকিয়ে গেলো
غَيْظٌ	গায়যুন	রাগ
غُيُوبٌ	গুয়ুবুন	গোপন বিষয়সমূহ, গোপন কথা

ف ফা

আরবী	উচ্চারণ	অনুবাদ
فَ	ফা	অতপর, তখন, এবং
فَأَتَتْ	ফা-আত	সে ফিরে এলো, ফেরত এলো (স্ত্রী অর্থে)
فَائِزُوْنَ	ফা-এযূনা	উদ্দেশে সফল ব্যক্তি (বহুবচন)
فَاتُوْا	ফায়াতাও	তারা ফিরলো, প্রত্যাবর্তন করলো
فَاتَ	ফা-তা	সে মারা গেলো, নিশেষ হয়ে গেলো
فِئَةٌ	ফেয়াতুন	গ্রুপ, ছোটো দল
فِئَتَيْنِ	ফেয়াতাইনে	দু' গ্রুপ
فِئَتَانِ	ফেয়াতা-নে	দু'গ্রুপ
فَاتِحِيْنَ	ফা'তেহীনা	যারা খোলে, বিজয়ী
خَيْرُ الْفَاتِحِيْنَ	খায়রুল ফাতেহীনা	উত্তম উন্মুক্তকারী, আল্লাহ তায়ালা
فَاتِنِيْنَ	ফা-তেনীনা	যাচাই- বাছাইকারী
فَاجِرٌ	ফা-জেরুন	খারাপ লোক, বদকার দুষ্টলোক
فَاحِشَةٌ	ফা-হেশাতুন	নির্লজ্জ, ব্যভিচারিণী
فَارَ	ফা-রা	উত্তাপ দিলো, উত্তেজিত করলো
فَارِضٌ	ফা-রেদুন	বৃদ্ধ ষাঁড়
فَارِغٌ	ফা-রেগুন	খালি, অবসর, বায়ু
فَارِقَاتٌ	ফা-রেকা-তুন	বিচ্ছেদ ঘটানো, বায়ু
فَارِقٌ	ফা-রেকুন	তোমরা আলাদা করো, ফারাক করো
فَازَ	ফা-যা	সে সফল হলো
فَاسِقٌ	ফা-সেকুন	বদকার, নাফরমান, ফাসেক
فَاصِلٌ	ফাসেলুন	যে বিচ্ছিন্ন করে
فَاصِلِيْنَ	ফাসেলীনা	যারা বিচ্ছিন্ন করে
خَيْرُ الْفَاصِلِيْنَ	খায়রুল ফাসেলীনা	উত্তম বিচ্ছিন্নকারী, আল্লাহ তায়ালার নাম
فَاطِرٌ	ফা-তেরুন	সৃষ্টিকর্তা, আল্লাহ তায়ালার নাম
فَاعِلٌ	ফা-য়েলুন	কর্মী
فَاقِرَةٌ	ফা-কেরাতুন	যে পিঠ ভেংগে দেয়, বড়ো বিপদ

আরবী	উচ্চারণ	অনুবাদ
فَاقِعٌ	ফা-কেউন	খাঁটি হলুদ রং
فَاكِهَةٌ	ফা-কেহাতুন	ফল
فَوَاكِهُ	ফাওয়াকেহু	ফল (বহুবচন)
فَاكِهُونَ	ফা-কেহূনা	সন্তুষ্ট ব্যক্তি, সন্তুষ্টচিত্ত (বহুবচন)
فَالِقٌ	ফালেকুন	যে বড়াই করে, যে বের করে
فَانٍ	ফা-নিন	নিশেষিত, ধ্বংসপ্রাপ্ত
فَاهُ	ফা-হু	তার মুখমন্ডল
فَتًى	ফাতা	যুবক
فَتَّاحٌ	ফাত্তা-হুন	যে অধিক পরিমাণে খোলে, আল্লাহ তায়ালার নাম
فَتْحٌ	ফাতহুন	খোলা, খোলানো, সাহায্য, ফয়সালা, বিজয়
فَتَحَ	ফাতাহা	সে খুললো
فُتِحَتْ	ফুতেহাত	তা খোলা হলো, কাড়া হলো (স্ত্রী অর্থে)
فَتَحْنَا	ফাতাহ্না	আমরা খুললাম, বিজয় দান করলাম
فَتَحُوا	ফাতাহূ	তারা খুললো
فَتْرَةٌ	ফাতরাতুন	অলসতা, দুজন নবীর মধ্যবর্তী সময়
فَتَقْنَا	ফাতাকনা	আমরা বিদীর্ণ করলাম
فَتَنَّا	ফাতান্না	আমরা যাচাই-বাছাই করলাম
فِتْنَةٌ	ফেতনাতুন	পরীক্ষা, আযাব, অজুহাত, কুফরী, দুষ্টামি, গোমরাহী, ফেতনা
فَتَنْتُمْ	ফাতানতুম	তোমরা পরীক্ষা করলে
فُتِنْتُمْ	ফুতেনতুম,	তোমাদের করা হলো, যাচাই করা হলো

আরবী	উচ্চারণ	অনুবাদ
فَتَنُوا	ফাতানূ	তারা কষ্ট দিলো
